


SSC Physics

অধ্যয়নভিত্তিক কন্সটেন্ট-২০২৩

অধ্যায়-৮: আলোর প্রতিফলন

প্রয়োজনীয় তথ্য:


- আলোর প্রতিফলন (Reflection of Light) : আলো যখন বায়ু বা অন্য স্বচ্ছ মাধ্যমের ভিতর দিয়ে যাওয়ার সময় অন্য কোনো মাধ্যমে বাধা পায় তখন দুই মাধ্যমের বিভেদতল থেকে কিছু পরিমাণ আলো প্রথম মাধ্যমে ফিরে আসে। একে আলোর প্রতিফলন বলে।
- আলোর নিয়মিত প্রতিফলন (Regular Reflection of Light) : যদি একগুচ্ছ সমান্তরাল আলোকরশ্মি কোনো পৃষ্ঠে আপতিত হয়ে প্রতিফলনের পর রশ্মিগুচ্ছ যদি সমান্তরাল থাকে বা অভিসারী বা অপসারীগুচ্ছ পরিণত হয় তবে আলোর সেই প্রতিফলনকে নিয়মিত প্রতিফলন বলে।



চিত্র : আলোর নিয়মিত প্রতিফলন

প্রতিফলক পৃষ্ঠ মসৃণ হলে আলোর নিয়মিত প্রতিফলন ঘটে। সমতল দর্পণে আলোর নিয়মিত প্রতিফলন হয়। এক্ষেত্রে প্রত্যেকটি আলোক রশ্মির আপতন কোণ সমান হয় এবং প্রতিফলন কোণগুলোও সমান হয়।

- আলোর ব্যাপ্ত প্রতিফলন (Diffused Reflection of Light) : যদি একগুচ্ছ সমান্তরাল আলোকরশ্মি কোনো পৃষ্ঠে আপতিত হয়ে প্রতিফলনের পর আর সমান্তরাল থাকে না বা অভিসারী বা অপসারীগুচ্ছ পরিণত হয় না তখন আলোর সেই প্রতিফলনকে ব্যাপ্ত প্রতিফলন বলে।



চিত্র : আলোর ব্যাপ্ত প্রতিফলন

প্রতিফলক পৃষ্ঠ মসৃণ না হলে এরূপ ঘটে। এক্ষেত্রে সমান্তরাল রশ্মিগুলো প্রতিফলক পৃষ্ঠের বিভিন্ন বিন্দুতে বিভিন্ন কোণে আপতিত হয়। ফলে তাদের প্রতিফলন কোণও বিভিন্ন হয়। এতে প্রতিফলিত রশ্মিগুলো আর সমান্তরাল থাকে না, বিক্ষিপ্তভাবে বিভিন্ন দিকে ছড়িয়ে পড়ে।

- দর্পণ (Mirror) : যে মসৃণ তলে আলোর নিয়মিত প্রতিফলন ঘটে তাকে দর্পণ বলে।
অথবা, যে মসৃণ তল থেকে আলোকরশ্মি প্রতিফলিত হয়ে ফিরে আসে তাকে দর্পণ (Mirror) বলে। যেমন : চকচকে ধাতব পাত, পলিশ করা টেবিল সবই দর্পণ হিসেবে কাজ করে।
- সমতল দর্পণ (Plane Mirror) : কোনো সমতল পৃষ্ঠ যদি মসৃণ হয় এবং তাতে আলোর নিয়মিত প্রতিফলন ঘটে তবে তাকে সমতল দর্পণ বলে। আমরা প্রত্যহ চেহারা দেখার জন্য যে আয়না ব্যবহার করি সেটি সমতল দর্পণ।
- গোলীয় দর্পণ (Spherical Mirror) : যে দর্পণের প্রতিফলক পৃষ্ঠ কোনো গোলকের অংশ বিশেষ তাকে গোলীয় দর্পণ বলে।
- প্রতিবিম্ব (Image) : কোনো একটি বিন্দু হতে কতকগুলো আলোকরশ্মি গমন করে কোনো একটি তলে পতিত হওয়ার পর যদি প্রতিফলিত বা প্রতিসৃত রশ্মিগুলো কোনো একটি বিন্দুতে মিলিত হয় বা কোনো একটি বিন্দু থেকে অপসৃত হচ্ছে বলে মনে হয় তবে ঐ দ্বিতীয় বিন্দুটিকে প্রথম বিন্দুর প্রতিবিম্ব বলা হয়।
- বাস্তব প্রতিবিম্ব (Real Image) : কোনো বিন্দু হতে নিঃসৃত আলোকরশ্মিগুচ্ছ কোনো তলে প্রতিফলিত বা প্রতিসরিত হবার পর যদি দ্বিতীয় কোনো বিন্দুতে প্রকৃতপক্ষে মিলিত হয় তাহলে ঐ দ্বিতীয় বিন্দুটিকে প্রথম বিন্দুর বাস্তব প্রতিবিম্ব বলে।
- অবাস্তব প্রতিবিম্ব (Unreal Image) : কোনো বিন্দু হতে নিঃসৃত আলোকরশ্মিগুচ্ছ কোনো তলে প্রতিফলিত বা প্রতিসরিত হবার পর যদি দ্বিতীয় কোনো বিন্দু থেকে অপসারিত হচ্ছে বলে মনে হয়, তবে ঐ দ্বিতীয় বিন্দুটিকে প্রথম বিন্দুর অবাস্তব প্রতিবিম্ব বলে।

সমতল দর্পণে প্রতিবিম্বের বৈশিষ্ট্য

- দর্পণ থেকে বস্তু ও বিম্বের দূরত্ব সমান।
- বস্তু ও বিম্ব যে সরলরেখায় অবস্থিত, সেটি দর্পণকে লম্বভাবে ছেদ করে।
- বিম্ব সোজা ও অসদ।
- বিম্বের পার্শ্ব পরিবর্তন ঘটে।
- বিম্বের আকার বস্তুর আকারের সমান।

- সরল পেরিস্কোপ (Simple Periscope) : দূরের কোনো জিনিস বা বস্তু সরাসরি বা সোজাসুজি দেখতে বাধা থাকলে যে যন্ত্রের সাহায্যে ঐ বস্তুটিকে দেখা যায় তাকে পেরিস্কোপ বলে।
- অবতল দর্পণ (Concave Mirror) : কোনো ফাঁপা গোলকের ভিতরের পৃষ্ঠের কিছু অংশ যদি মসৃণ হয় এবং তাতে আলোর নিয়মিত প্রতিফলন ঘটে অর্থাৎ গোলকের অবতল পৃষ্ঠ যদি প্রতিফলকরূপে কাজ করে তবে তাকে অবতল দর্পণ বলে।


- **উত্তল দর্পণ (Convex Mirror)** : কোনো ফাঁপা গোলকের বাইরের পৃষ্ঠের কিছু অংশ যদি মসৃণ হয় এবং তাতে আলোর নিয়মিত প্রতিফলন ঘটে অর্থাৎ গোলকের উত্তল পৃষ্ঠ যদি প্রতিফলকরূপে কাজ করে তবে তাকে উত্তল দর্পণ বলে।
- **মেরব (Pole)** : গোলীয় দর্পণে প্রতিফলক তলের মধ্যবিন্দুকে দর্পণের মেরু বলে। একে সাধারণত A বা P দ্বারা প্রকাশ করা হয়।
- **বক্রতার কেন্দ্র (Centre of Curvature)** : গোলকীয় দর্পণ যে গোলকের অংশবিশেষ সেই গোলকের কেন্দ্রকে ঐ দর্পণের বক্রতার কেন্দ্র বলা হয়।
- **বক্রতার ব্যাসার্ধ (Radius of Curvature)** : কোনো একটি গোলীয় দর্পণের মেরুবিন্দু এবং বক্রতার কেন্দ্রের মধ্যবর্তী দূরত্বকে ঐ গোলীয় দর্পণের বক্রতার ব্যাসার্ধ বলে। এটিকে r দ্বারা প্রকাশ করা হয়।
- **প্রধান অক্ষ (Principal Axis)** : গোলীয় দর্পণের মেরু এবং বক্রতার কেন্দ্রের মধ্য দিয়ে অতিক্রান্ত সরলরেখাকে ঐ দর্পণের প্রধান অক্ষ বলে।
- **গৌণ অক্ষ (Secondary Axis)** : মেরু বিন্দু ব্যতীত দর্পণের প্রতিফলক পৃষ্ঠের উপরস্থ যেকোনো বিন্দু ও বক্রতার কেন্দ্রের মধ্যদিয়ে গমনকারী সরলরেখাকে গৌণ অক্ষ বলে।
- **ফোকাস দূরত্ব (Focal length)** : গোলীয় দর্পণের মেরুবিন্দু এবং প্রধান ফোকাসের মধ্যবর্তী দূরত্বকে এর ফোকাস দূরত্ব বলে। একে f দ্বারা প্রকাশ করা হয়।
- **প্রধান ফোকাস (Principal Focal)** : গোলীয় দর্পণে আপতিত প্রধান অক্ষের নিকটবর্তী সমান্তরাল রশ্মিগুচ্ছ প্রতিফলনের পর প্রধান অক্ষের ওপর যে বিন্দুতে মিলিত হয় (অবতল দর্পণে) বা যে বিন্দু থেকে অপসৃত হয় বলে মনে হয় (উত্তল দর্পণে) তাকে প্রধান ফোকাস বলে।
- **রৈখিক বিবর্ধন (Linear Magnification)** : প্রতিবিস্তার দৈর্ঘ্য ও লক্ষ্যবস্তুর দৈর্ঘ্যের অনুপাতকে রৈখিক বিবর্ধন বলে। প্রতিবিস্তার লক্ষ্যবস্তুর তুলনায় কতগুণ বড় বা ছোট রৈখিক বিবর্ধন দ্বারা বোঝা যায়।

কোনো লক্ষ্যবস্তুর দৈর্ঘ্য l এবং প্রতিবিস্তার দৈর্ঘ্য l' হলে রৈখিক বিবর্ধন, $m = \frac{\text{প্রতিবিস্তার দৈর্ঘ্য}}{\text{লক্ষ্যবস্তুর দৈর্ঘ্য}} = \frac{l'}{l}$ ।

দর্পণ চেনার উপায় (Identification of Mirror) : কোনো দর্পণের একেবারে নিকটে একটি আঙুল খাড়াভাবে স্থাপন করলে যদি বিস্তার লক্ষ্যবস্তুর চেয়ে বড় হয় তাহলে দর্পণটি অবতল, আর যদি ছোট হয় তাহলে দর্পণটি উত্তল এবং বিস্তার লক্ষ্যবস্তুর সমান হলে দর্পণটি সমতল হবে।

সৃজনশীল প্রশ্ন:

১. রাজশাহী বোর্ড ২০২০



উপরের চিত্রে প্রদর্শিত দর্পণের বক্রতার ব্যাসার্ধ 10 m। A, PF এর মধ্যবিন্দু এবং প্রতিবিম্বের রৈখিক বিবর্ধক “-2”.

ক. আলোর প্রতিসরণ কাকে বলে?

১

খ. স্পর্শ না করে লেন্স চেনার উপায় বর্ণনা কর।

২

গ. বিম্বের অবস্থান গাণিতিকভাবে নির্ণয় কর।

৩

ঘ. উদ্দীপক অনুযায়ী প্রতিবিম্ব গঠনের সচিত্র বর্ণনা কর।

৪

১ নং প্রশ্নের উত্তর

ক. আলোকরশ্মি এক স্বচ্ছ মাধ্যম থেকে ভিন্ন স্বচ্ছ মাধ্যমে তির্যকভাবে প্রবেশ করলে দুই মাধ্যমের বিভেদতলে এর দিক পরিবর্তিত হয়। আলোকরশ্মির এ দিক পরিবর্তনের ঘটনাকে আলোর প্রতিসরণ বলে।

খ. স্পর্শ না করে একটি লেন্স এর প্রকৃতি নির্ণয় করা যায়। এক্ষেত্রে বিভিন্ন প্রকার লেন্সে সৃষ্ট বিম্বের বৈশিষ্ট্য জানতে হবে। উত্তল লেন্সের ফোকাস দূরত্বের মধ্যে কোনো লক্ষ্যবস্তু থাকলে সেই বস্তুর অবাস্তব, সোজা ও বিবর্ধিত বিম্ব গঠিত হয়। আবার অবতল লেন্সের সামনে কোনো বস্তু থাকলে তার অবাস্তব, সোজা ও খর্বিত বিম্ব গঠিত হয়। তাই লেন্সের খুব কাছাকাছি কিন্তু পিছনে একটি আঙুল ধরলে যদি আঙুলটিকে সোজা এবং আকারে বড় দেখায় তবে লেন্সটি উত্তল এবং আঙুলটিকে সোজা ও আকারে ছোট দেখালে লেন্সটি অবতল। এভাবে স্পর্শ না করে একটি লেন্সকে চেনা যায়।

গ. এখানে, বক্রতার ব্যাসার্ধ, $CP = r = 10m$

$$\therefore \text{ফোকাস দূরত্ব, } PF = f = \frac{r}{2} = \frac{10}{2} m = 5m$$

$$\therefore \text{লক্ষ্যবস্তুর দূরত্ব, } PA = u = \frac{PF}{2} = \frac{5}{2} m = 2.5m$$

বিম্বের দূরত্ব, $v = ?$

আমরা জানি,

$$\frac{1}{u} + \frac{1}{v} = \frac{1}{f}$$

$$\text{বা, } \frac{1}{v} = \frac{1}{f} - \frac{1}{u}$$

$$\text{বা, } \frac{1}{v} = \frac{1}{5m} - \frac{1}{2.5m} = -\frac{1}{5m}$$

বা, $v = -5m$


এখানে, ঋণাত্মক চিহ্ন দ্বারা বিম্ব অবাস্তব বুঝায়। অর্থাৎ বিম্বের অবস্থান দর্পণের পিছনে P বিন্দু থেকে 5 m দূরে। আবার, বিবর্ধন $m = -2$ দ্বারা বিম্বের আকৃতি বস্তুর আকৃতির দ্বিগুণ।

ঘ. এখানে, লক্ষ্যবস্তুর দূরত্ব = 2.5 m [‘গ’ হতে প্রাপ্ত]

ফোকাস দূরত্ব, $f = 5 m$ { ‘গ’ হতে প্রাপ্ত }

অর্থাৎ লক্ষ্যবস্তু অবতল মেরু ও প্রধান ফোকাসের মাঝে অবস্থিত। নিচে দর্পণের বিম্বের সচিত্র বর্ণনা দেওয়া হলো-

AO লক্ষ্যবস্তুর O থেকে আলোকরশ্মি M বিন্দুতে আপতিত হয়ে MF পথে প্রতিফলিত হয়। আর একটি রশ্মি OR পথে দর্পণে আপতিত হয়ে পথেই ফিরে আসে। রশ্মিদ্বয়কে দর্পণের পেছনের দিকে বর্ধিত করলে এরা O' বিন্দুতে ছেদ করে। এই O' বিন্দু হলো O বিন্দুর প্রতিবিম্ব। এখন O' বিন্দু থেকে CP অক্ষের বর্ধিতাংশের উপর O'A' লম্ব আঁকা হলে O'A' হবে OA এর বিম্ব।




উপরের চিত্রের আলোকে বলা যায় যে, বিম্বের-

অবস্থান : দর্পণের পিছনে।

প্রকৃতি : অসদ ও সোজা।

আকৃতি : বিবর্ধিত।

২. কুমিল্লা বোর্ড ২০২০



ক. দর্পণের ফোকাস কাকে বলে?

১

খ. প্রতিধ্বনি শোনার জন্য নির্দিষ্ট দূরত্বের প্রয়োজন হয় কেন?

২

গ. প্রদত্ত লক্ষ্যবস্তুর বিম্ব কীরূপ হবে? চিত্রের সাহায্যে বর্ণনা কর।

৩

ঘ. উদ্দীপকের দর্পণটিকে অবাস্তব প্রতিবিম্ব গঠন সম্ভব কী? রশ্মিচিত্রের

সাহায্যে তোমার মতামত ব্যাখ্যা কর।

৪

২ নং প্রশ্নের উত্তর


ক. প্রধান অক্ষের নিকটবর্তী সমান্তরাল রশ্মিগুচ্ছ কোনো গোলীয় দর্পণে আপতিত হয়ে প্রতিফলনের পর প্রধান অক্ষের উপর যে বিন্দুতে মিলিত হয় (অবতল দর্পণে) বা যে বিন্দু থেকে অপসৃত হচ্ছে বলে মনে হয় (উত্তল দর্পণে) তাকে ঐ দর্পণের ফোকাস বলে।

খ. কোনো ক্ষণস্থায়ী শব্দ বা ধ্বনি কানে শোনার পর সেই শব্দের রেশ প্রায় 0.1 s যাবৎ আমাদের মস্তিষ্কে থেকে যায়। একে শব্দানুভূতির স্থায়ীত্বকাল বলে। এ 0.1 s এর মধ্যে অন্য শব্দ কানে এসে পৌঁছালে তা আমরা আলাদা শুনতে পাই না। সুতরাং কোনো ক্ষণস্থায়ী শব্দের প্রতিধ্বনি শুনতে প্রতিফলক উৎস এমন হবে যাতে

মূল শব্দ প্রতিফলিত হয়ে কানে ফিরে আসতে অন্তত 0.1 s সময় নেয়। তাই যদি 0°C তাপমাত্রায় বায়ুতে শব্দের বেগ 330ms^{-1} ধরা হয় তাহলে 0.1 s এ শব্দ 33 m দূরত্ব যায়। সুতরাং প্রতিফলককে শ্রোতা থেকে কমপক্ষে $(33 \div 2)\text{m}$ বা 16.5m দূরত্বে রাখতে হবে।

গ। উদ্দীপকে লক্ষ্যবস্তুর অবস্থান বক্রতার কেন্দ্রের বাইরে। এর প্রতিবিম্ব নিচে রশ্মিচিত্রের মাধ্যমে দেখানো হলো—


ধরি, MPM' একটি অবতল দর্পণ। P হলো এর মেরু, F প্রধান ফোকাস এবং C বক্রতার কেন্দ্র। দর্পণের সামনে প্রধান অক্ষের উপর লম্বভাবে অবস্থিত লক্ষ্যবস্তু BD।



B বিন্দু থেকে একটি রশ্মি BM প্রধান অক্ষের সমান্তরালে দর্পণের M বিন্দুতে আপতিত হয়ে প্রধান ফোকাসের মধ্য দিয়ে MD' পথে প্রতিফলিত হয়। B হতে অপর একটি রশ্মি BCM' বক্রতার কেন্দ্র C বরাবর দর্পণে আপতিত হয়ে প্রতিফলনের পর সেটি একই পথে ফিরে যায়। প্রতিফলনের পর রশ্মি দুটি D' বিন্দুতে প্রকৃতপক্ষে মিলিত হয়। সুতরাং D' হলো B বিন্দুর বাস্তব প্রতিবিম্ব। A থেকে প্রধান অক্ষ বরাবর আপতিত রশ্মি ঐ পথেই ফিরে যায়। ফলে A এর প্রতিবিম্ব ঐ রেখার উপরই হবে। D' থেকে প্রধান অক্ষের উপর D'B' লম্ব অঙ্কন করি। B'D' ই হলো লক্ষ্যবস্তু BD এর বাস্তব প্রতিবিম্ব।

প্রতিবিম্বের প্রকৃতি হলো বাস্তব ও উল্টো এবং অবস্থান প্রধান ফোকাস ও বক্রতার কেন্দ্রের মাঝে।

ঘ। উদ্দীপকের দর্পণ অর্থাৎ অবতল দর্পণ হতে অবাস্তব প্রতিবিম্ব পাওয়া সম্ভব। নিচে রশ্মিচিত্রের সাহায্যে আমার মতামত বিশ্লেষণ করা হলো—



উদ্দীপকের চিত্রে লক্ষ্যবস্তু C এর বাইরে ছিল। এখন লক্ষ্যবস্তুকে F এবং P এর মধ্যে নিয়ে যেতে হবে। অর্থাৎ, BD লক্ষ্যবস্তুটি প্রধান ফোকাস (F) এবং মেরু (P) এর মাঝে অবস্থিত।

এখন B হতে একটি আলোকরশ্মি প্রধান অক্ষ বরাবর দর্পণে আপতিত হয়ে প্রধান ফোকাস (F) দিয়ে প্রতিফলিত হয়। B হতে আরেকটি রশ্মি দর্পণে প্রতিফলনের পর বক্রতার কেন্দ্র (C) দিয়ে গমন করে। এ রশ্মি দুটি প্রকৃতপক্ষে মিলিত হয় না। কিন্তু রশ্মি দুটিকে পেছনের দিকে বীর্ভত করলে এরা দর্পণের পেছনে B' বিন্দুতে মিলিত হয়। B' হতে প্রধান অক্ষের উপর B'D' লম্বই হলো BD লক্ষ্যবস্তুর অবাস্তব বিম্ব।

৩. ময়মনসিংহ বোর্ড ২০২০

একটি গোলীয় দর্পণ যাতে কোনো বিস্তৃত বস্তুর রৈখিক বিবর্ধন 1 এর বেশি পাওয়া সম্ভব। দর্পণটির ফোকাস দূরত্ব 10 cm। দর্পণটির সামনে 15 cm দূরে একটি বস্তু রাখা হলো।

ক. আলোককেন্দ্র কাকে বলে?

১

খ. উত্তল লেন্সকে অভিসারী লেন্স বলা হয় কেন?

২

গ. উদ্দীপকের বস্তুটির ক্ষেত্রে বিম্ব দূরত্ব নির্ণয় কর।

৩

ঘ. যদি দর্পণটির সামনে 5 cm দূরে কোনো বিস্তৃত বস্তু রাখা হয়, তবে

বিম্বের অবস্থান, আকৃতি ও প্রকৃতি কিরূপ হবে? রশ্মিচিত্রের সাহায্যে


বিশ্লেষণ কর।

৪

৩ নং প্রশ্নের উত্তর

ক. লেন্সের মধ্যে প্রধান অক্ষের উপর অবস্থিত একটি নির্দিষ্ট বিন্দু, যার মধ্যদিয়ে কোনো রশ্মি অতিক্রম করলে প্রতিসরণের পর লেন্সের অপর পৃষ্ঠ থেকে নির্গত হওয়ার সময় আপতিত রশ্মির সমান্তরালভাবে নির্গত হয়, একে আলোককেন্দ্র বলে।

খ. সমান্তরাল আরোকরশ্মিগুচ্ছ উত্তল লেন্সের উপর আপতিত হলে প্রতিসরণের পর নির্গত হওয়ার সময় অভিসারী করে অর্থাৎ কোনো বিন্দুতে মিলিত করে বলে উত্তল লেন্সকে অভিসারী লেন্স বলা হয়।



চিত্রে MOM' উত্তল লেন্সে প্রধান অক্ষের সমান্তরালে আলোকরশ্মি আপতিত হয়ে প্রতিসরণের পর F বিন্দুতে মিলিত হয়।

গ. উদ্দীপকের গোলীয় দর্পণে কোনো বিস্তৃত বস্তুর রৈখিক বিবর্ধন 1 এর বেশি পাওয়া সম্ভব। সুতরাং দর্পণটি একটি অবতল দর্পণ।

এখানে, ফোকাস দূরত্ব, $f = 10\text{cm}$

লক্ষ্যবস্তুর দূরত্ব, $u = 15\text{cm}$

বিম্বের দূরত্ব, $v = ?$

আমরা জানি,

$$\frac{1}{u} + \frac{1}{v} = \frac{1}{f}$$

$$\text{বা, } \frac{1}{v} = \frac{1}{f} - \frac{1}{u}$$

$$\text{বা, } \frac{1}{v} = \frac{1}{10\text{cm}} - \frac{1}{15\text{cm}} = \frac{1}{30\text{cm}}$$


$$\text{বা, } v = 30\text{cm}$$

অতএব, উদ্দীপকের বস্তুটির ক্ষেত্রে বিম্ব দূরত্ব 30 cm।

ঘ. এখানে, লক্ষ্যবস্তুর দূরত্ব = 5 cm

দর্পণের ফোকাস দূরত্ব, $f = 10\text{cm}$

অর্থাৎ লক্ষ্যবস্তু অবতল দর্পণের মেরু ও প্রধান ফোকাসের মাঝে অবস্থিত। নিচে রশ্মিচিত্র অঙ্কন করে বিশ্বের আকৃতি, প্রকৃতি ও অবস্থান বিশ্লেষণ করা হলো-



AO লক্ষ্যবস্তুর O থেকে আলোকরশ্মি M বিন্দুতে আপতিত হয়ে MF পথে প্রতিফলিত হয়। আর একটি রশ্মি OR পথে দর্পণে আপতিত হয়ে ঐ পথেই ফিরে আসে।

রশ্মিদ্বয়কে দর্পণের পেছনের দিকে বর্ধিত করলে এরা O' বিন্দুতে ছেদ করে। এই O' বিন্দু হলো O বিন্দুর প্রতিবিম্ব। এখন O' বিন্দু থেকে CP অক্ষের বর্ধিতাংশের এ উপর O'A' লম্ব আঁকা হলে O'A' হবে OA এর বিম্ব।

উপরের চিত্রের আলোকে বলা যায় যে, বিশ্বের -


অবস্থান : দর্পণের পিছনে।

প্রকৃতি : অসদ ও সোজা।

আকৃতি : বিবর্ধিত।

৪. চট্টগ্রাম বোর্ড ২০১৯

নিচের চিত্রটি লক্ষ্য কর :



$$pc = 80 \text{ cm}, pb = 30 \text{ cm}$$

ক. উত্তল লেন্স কাকে বলে ?

১

খ. পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলনে আপতন কোণ ক্রান্তি কোণের চেয়ে বড়

হয় কেন ?

২

গ. লক্ষ্যবস্তুটি AB এর বিবর্ধন নির্ণয় কর।

৩

ঘ. লক্ষ্যবস্তুটি আলোক কেন্দ্র হতে 50 cm দূরে স্থাপন করলে বিশ্বের

অবস্থান, আকৃতি ও প্রকৃতি রশ্মিচিত্রের সাহায্যে অঙ্কন করে বিশ্লেষণ

কর।

৪

৪ নং খণ্ডের উত্তর

ক যে লেন্সের মধ্যভাগ পুরু এবং প্রান্ত ভাগ সরু তাকে উত্তল লেন্স বলে।

খ আলোক রশ্মি ক্রান্তি কোণের সমান কোণে আপতিত হলে প্রতিসরিত রশ্মি বিভেদতল ঘেঁষে যায়। আপতন কোণের মাণ আরও বৃদ্ধি করলে অর্থাৎ আপতন কোণ ক্রান্তি কোণের চেয়ে বড় হলে সেক্ষেত্রে আলোক রশ্মি বিভেদতলে বাধা পেয়ে ১ম মাধ্যমে ফিরে এসে পূর্ণঅভ্যন্তরীণ প্রতিফলনের সৃষ্টি করে। এজন্য

পূর্ণঅভ্যন্তরীণ প্রতিফলনে আপতন কোণের মান ক্রান্তি কোণের চেয়ে বড় হয়।

গ এখানে, বক্রতার ব্যাসার্ধ, $r = 80 \text{ cm}$

$$\text{ফোকাস দূরত্ব, } f = \frac{r}{2} = \frac{80}{2} \text{ cm} = 40 \text{ cm}$$

লক্ষ্যবস্তুর দূরত্ব, $u = 30 \text{ cm}$

প্রতিবিশ্বের দূরত্ব, $v = ?$

$$\text{আমরা জানি, } \frac{1}{u} + \frac{1}{v} = \frac{1}{f}$$

$$\text{বা, } \frac{1}{v} = \frac{1}{f} - \frac{1}{u}$$

$$= \frac{1}{40 \text{ cm}} - \frac{1}{30 \text{ cm}}$$

$$= \frac{3-4}{120 \text{ cm}}$$

$$= \frac{-1}{120 \text{ cm}}$$

$$\therefore v = -120 \text{ cm}$$

$$\text{আবার, } m = \frac{v}{u} = -\frac{120 \text{ cm}}{30 \text{ cm}}$$

$$\therefore m = 4$$

সুতরাং AB এর বিবর্ধন হবে 4।

ঘ গ হতে পাই, লেন্সটির ফোকাস দূরত্ব = 40 cm


লক্ষ্যবস্তুর দূরত্ব = 50 cm

অর্থাৎ লক্ষ্যবস্তু প্রধান ফোকাস এবং বক্রতার কেন্দ্রের মাঝে অবস্থিত হবে। এক্ষেত্রে প্রতিবিশ্বের অবস্থান, আকৃতি ও প্রকৃতি নিচে বিশ্লেষণ করা হলো-

এখানে, MM' অবতল আয়তন P হলো মেরুবিন্দু। F প্রধান ফোকাস, C বক্রতার কেন্দ্র এবং PC প্রধান অক্ষ। প্রশ্ননুযায়ী AB বস্তুর অবস্থান হলো প্রধান ফোকাস এবং বক্রতার কেন্দ্রের মধ্যবর্তী স্থানে। এখন B বিন্দু থেকে একটি রশ্মি CBM বক্রতার ব্যাসার্ধ বরাবর আপতিত হয়ে M বিন্দুতে প্রতিফলনের পর একই পথে ফিরে আসে এবং BK একটি রশ্মি PC প্রধান অক্ষের সমান্তরালে আয়নার K বিন্দুতে আপতিত হয়ে প্রধান ফোকাসের মধ্য দিয়ে KFI পথে প্রতিফলিত হয়। প্রতিফলনের পর রশ্মি দুটি I বিন্দুতে মিলিত হয়। সুতরাং I হলো B বিন্দুর বাস্তব প্রতিবিম্ব। A হতে PC প্রধান অক্ষ বরাবর আপতিত রশ্মি ঐ পথেই ফিরে যায়। ফলে A এর প্রতিবিম্ব ঐ রেখার উপরই হবে। I হতে প্রধান অক্ষ বরাবর IO লম্ব অঙ্কন করি। IO-ই হলো লক্ষ্যবস্তু AB এর বাস্তব প্রতিবিম্ব। চিএ হতে দেখা যায় প্রতিবিশ্বের প্রকৃতি বাস্তব এবং উল্টো। প্রতিবিশ্বের আকৃতি হবে বিবর্ধিত এবং অবস্থান হবে বক্রতার কেন্দ্র ও অসীমের মাঝে।

৫. সকল বোর্ড ২০১৮

নিচের চিত্রটি লক্ষ্য কর :



চিত্রে লক্ষ্যবস্তুর দূরত্ব ১০ সেমি

ক. অপটিক্যাল ফাইবার কী?

১

খ. কোনো লেন্সের ক্ষমতা 3D বলতে কী বুঝায়?

২

গ. বিশ্বের দূরত্ব নির্ণয় কর।

৩

ঘ. যদি লক্ষ্যবস্তুটিকে আয়নার সামনে 5 cm দূরে রাখা হয় তবে সৃষ্ট

বিশ্বের আকৃতি- প্রকৃতি ও অবস্থান রশ্মি চিএ একে বিশ্লেষণ কর। ৪

৫ নং প্রশ্নের উত্তর

ক. অপটিক্যাল ফাইবার হলো কাচ বা প্লাস্টিকের তৈরি সরু দীর্ঘ নমনীয় অথচ নিরেট ফাইবার বা তন্তু।

খ. লেন্সের ক্ষমতা 3D বলতে বুঝায় -

i. লেন্সটি উত্তল।

ii. লেন্সটির ফোকাস দূরত্ব $\frac{1}{3}$ m।

iii. লেন্সটি $\frac{1}{3}$ দূরে প্রধান অক্ষের সমান্তরাল একগুচ্ছ আলোক রশ্মিকে অভিসারী করে।

গ. ধরি, বিশ্বের দূরত্ব, v

উদ্দীপক হতে, বক্রতার ব্যাসার্ধ, r = 14 cm

∴ ফোকাস দূরত্ব, $f = \frac{r}{2} = \frac{14 \text{ cm}}{2} = 7 \text{ cm}$

লক্ষ্যবস্তুর দূরত্ব, u = 10 cm

আমরা জানি,

$$\frac{1}{u} + \frac{1}{v} = \frac{1}{f}$$

$$\text{বা, } \frac{1}{v} = \frac{1}{f} - \frac{1}{u}$$

$$\text{বা, } \frac{1}{v} = \frac{1}{7 \text{ cm}} - \frac{1}{10 \text{ cm}} = \frac{10 - 7}{70 \text{ cm}} = \frac{3}{70 \text{ cm}}$$

$$\therefore v = \frac{70 \text{ cm}}{3} = 23.33 \text{ cm}$$

সুতরাং প্রতিবিশ্বের দূরত্ব 23.33 cm।

ঘ. লক্ষ্যবস্তুর দূরত্ব = 5 cm


ফোকাস দূরত্ব, f = 7 cm ['গ' হতে প্রাপ্ত]

অর্থাৎ লক্ষ্যবস্তু অবতল আয়নার মেরু ও প্রধান ফোকাসের মাঝে অবস্থিত। নিচে রশ্মিচিত্র অঙ্কন করে বিশ্বের আকৃতি- প্রকৃতি ও অবস্থান বিশ্লেষণ করা হলো - AO লক্ষ্যবস্তুর O থেকে আলোক রশ্মি M বিন্দুতে আপতিত হয়ে MF পথে প্রতিফলিত হয়। আর

একটি রশ্মি OR পথে আয়নায় আপতিত হয়ে ঐ পথেই ফিরে আসে।

রশ্মিদ্বয়কে আয়নার পেছনের দিকে বর্ধিত করলে এরা O' বিন্দুতে ছেদ করে।

এই O' বিন্দু হলো O বিন্দুর প্রতিবিম্ব। O' বিন্দু থেকে CP অক্ষের বর্ধিতাংশের এ উপর O' A' লম্ব আঁকা হলে O' A' হবে OA এর বিম্ব।



উপরের আলোকে বলা যায় যে, বিশ্বের-


অবস্থান : আয়নার পিছনে।

প্রকৃতি : অসদ ও সোজা।

আকৃতি : বিবর্ধিত।

৬. ঢাকা বোর্ড ২০১৬

নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নসমূহের উত্তর দাও:



ক. লেন্স কী?

১

খ. উত্তল লেন্সকে অভিসারী লেন্স বলা হয় কেন? ব্যাখ্যা কর।

২

গ. প্রদত্ত লক্ষ্যবস্তুর বিম্ব কীরূপ হবে চিত্রের সাহায্যে বর্ণনা কর। ৩


ঘ. উদ্দীপকের দর্পণটি হতে অবাস্তব বিম্ব পাওয়া সম্ভব কিনা রশ্মিচিত্রের সাহায্যে তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৬ নং প্রশ্নের উত্তর


ক. দুটি গোলীয় পৃষ্ঠ দ্বারা সীমাবদ্ধ কোনো স্বচ্ছ প্রতিসারক মাধ্যমকে লেন্স বলে।

খ. যে লেন্সের মধ্যভাগ পুরু এবং প্রান্তভাগ সরু তাকে উত্তল লেন্স বলে। উত্তল লেন্সের উপর সমান্তরাল রশ্মিগুচ্ছ আপতিত হলে প্রতিসরণের পর নির্গত হওয়ার সময় মিলিত হয় বা অভিসারী রশ্মিগুচ্ছে পরিণত হয় বলে উত্তল লেন্সকে অভিসারী লেন্স বলে।

নিচের চিত্রে বিষয়টি দেখানো হলো :




গ উদ্দীপকে প্রদত্ত চিত্রে একটি অবতল দর্পণের প্রধান অক্ষ PC-এর উপর লম্ব একটি লক্ষ্যবস্তু AO যা বক্রতার কেন্দ্র C ও প্রধান ফোকাস F এর মাঝে অবস্থিত। O থেকে আগত প্রধান অক্ষের সমান্তরাল রশ্মি OQ প্রতিফলনের পর প্রধান ফোকাস F দিয়ে যাবে এবং প্রধান ফোকাস F গামী অপর একটি রশ্মি প্রতিফলনের পর প্রধান অক্ষের সমান্তরাল ভাবে নির্গত হবে। প্রতিফলিত রশ্মিদ্বয় O' বিন্দুতে মিলিত হয়। সুতরাং O' হবে O বিন্দুর বাস্তব প্রতিবিম্ব। O' থেকে অক্ষের উপর অঙ্কিত লম্ব A'O' হবে OA-এর বাস্তব প্রতিবিম্ব। চিত্র থেকে দেখা যায়-




প্রতিবিম্বের অবস্থান : বক্রতার কেন্দ্র ও অসীমের মাঝে,
প্রতিবিম্বের প্রকৃতি : বাস্তব এবং উল্টো
প্রতিবিম্বের আকৃতি : বিবর্ধিত

ঘ উদ্দীপকে প্রদত্ত দর্পণটি একটি অবতল দর্পণ। অবতল দর্পণে বস্তুর অবাস্তব বিম্ব পাওয়া সম্ভব। বস্তুর অবস্থান প্রধান ফোকাস ও মেরুর মাঝে হলে অবতল দর্পণে অবাস্তব বিম্ব গঠিত হয়। অবতল দর্পণের প্রধান অক্ষ PC-এর উপর লম্ব একটি লক্ষ্যবস্তু OA যা দর্পণের মেরু ও প্রধান ফোকাসের মাঝে অবস্থিত। O থেকে আগত প্রধান অক্ষের সমান্তরাল রশ্মি প্রতিফলনের পর প্রধান ফোকাস F দিয়ে যাবে এবং ব্যাসার্ধ বরাবর অপর একটি রশ্মি প্রতিফলনের পর একই পথে ফিরে আসবে।



এই প্রতিফলিত রশ্মিদ্বয় দর্পণের সামনে কোনো বিন্দুতে মিলিত হয় না। কিন্তু এদেরকে পিছনের দিকে বাড়ালে O' বিন্দুতে মিলিত হয়। সুতরাং O' হচ্ছে O বিন্দুর অবাস্তব বিম্ব। O' থেকে অক্ষের উপর অঙ্কিত লম্ব O'A' হবে OA এর অবাস্তব প্রতিবিম্ব। সুতরাং বলা যায়, প্রদত্ত দর্পণটি হতে অবাস্তব প্রতিবিম্ব পাওয়া সম্ভব।

৭. রাজশাহী বোর্ড ২০১৬



- ক. দর্পণের মেরু কাকে বলে? ১
খ. অবতল দর্পণ একটি অভিসারী দর্পণ কেন? ব্যাখ্যা কর। ২
গ. চিত্রে দর্পণের সামনে প্রধান অক্ষের উপর 24cm দূরে বস্তু অবস্থান করলে রৈখিক বিবর্ধন নির্ণয় কর। ৩
ঘ. চিত্রে দর্পণের সামনে 10cm এবং 15cm দূরত্বে দুইটি বস্তু অবস্থান করলে প্রতিবিম্বের অবস্থান ও প্রকৃতি রশ্মিচিত্রসহ বিশ্লেষণ কর। ৪

৭ নং প্রশ্নের উত্তর

ক গোলীয় দর্পণের প্রতিফলক পৃষ্ঠের মধ্যবিন্দুকে দর্পণের মেরু বলে।

খ অবতল দর্পণ একটি অভিসারী দর্পণ কারণ, সমান্তরাল আলোকরশ্মি অবতল দর্পণে আপতিত হওয়ার পর প্রতিফলিত হয়ে একটি বিন্দুতে মিলিত হয় বা অভিসারী রশ্মিগুচ্ছে পরিণত হয়।

গ দেওয়া আছে,

$$\text{ফোকাস দূরত্ব, } f = 12 \text{ cm}$$

$$\text{বস্তুর দূরত্ব, } u = 24 \text{ cm}$$

$$\text{বিম্বের দূরত্ব, } v = ?$$

$$\text{বিবর্ধন, } |m| = ?$$

আমরা জানি,

$$\frac{1}{u} + \frac{1}{v} = \frac{1}{f}$$

$$\text{বা, } \frac{1}{v} = \frac{1}{f} - \frac{1}{u}$$

$$= \frac{1}{12} - \frac{1}{24}$$


$$= \frac{1}{24}$$

$$\therefore v = 24 \text{ cm}$$

$$\text{আবার, } |m| = \frac{v}{u}$$

$$= \frac{24}{24} = 1 \text{ (Ans.)}$$

ঘ প্রদত্ত অবতল দর্পণটির ফোকাস দূরত্ব 12 cm। দর্পণের 10 cm সামনের বস্তুটি মেরু ও প্রধান ফোকাসের মাঝে অবস্থিত।




ধরা যাক, OA লক্ষ্যবস্তুটি দর্পণের 10 cm সামনে অবস্থিত। O থেকে আগত প্রধান অক্ষের সমান্তরাল রশ্মি প্রতিফলনের পর প্রধান ফোকাস F দিয়ে যাবে এবং ব্যাসার্ধ বরাবর অপর একটি রশ্মি প্রতিফলনের পর একই পথে ফিরে আসবে। প্রতিফলিত রশ্মিদ্বয় O' বিন্দু থেকে নির্গত হচ্ছে বলে মনে হয়। সুতরাং O' হবে O বিন্দুর অবাস্তব প্রতিবিম্ব। O' থেকে অক্ষের উপর অঙ্কিত

লম্ব $O'A'$ হবে OA -এর আবাস্তব প্রতিবিম্ব। চিত্র থেকে দেখা যায়-

প্রতিবিম্বের অবস্থান : দর্পণের পিছনে
 প্রতিবিম্বের প্রকৃতি : আবাস্তব এবং সিধা
 প্রতিবিম্বের আকৃতি : বিবর্ধিত

আবার দর্পণের 15 cm সামনের বস্তুটি প্রধান ফোকাস ও প্রধান বক্রতার কেন্দ্রের মাঝে অবস্থিত।



ধরা যাক, AO লম্ববস্তুটি বক্রতার কেন্দ্র C ও প্রধান ফোকাস F এর মাঝে অবস্থিত। O থেকে আগত প্রধান অক্ষের সমান্তরাল রশ্মি OQ প্রতিফলনের পর প্রধান ফোকাস F দিয়ে যাবে এবং প্রধান ফোকাস F গামী অপর একটি রশ্মি প্রতিফলনের পর প্রধান অক্ষের সমান্তরাল ভাবে নির্গত হবে। প্রতিফলিত রশ্মিদ্বয় O' বিন্দুতে মিলিত হয়। সুতরাং O' হবে O বিন্দুর বাস্তব প্রতিবিম্ব। O' থেকে অক্ষের উপর অঙ্কিত লম্ব $A'O'$ হবে OA -এর বাস্তব প্রতিবিম্ব। চিত্র থেকে দেখা যায়-

প্রতিবিম্বের অবস্থান : বক্রতার কেন্দ্র ও অসীমের মাঝে,
 প্রতিবিম্বের প্রকৃতি : বাস্তব এবং উল্টো
 প্রতিবিম্বের আকৃতি : বিবর্ধিত

৮. দিনাজপুর বোর্ড ২০১৭

একজন দস্তচিকিৎসক কাজের সুবিধার জন্য 6 cm ফোকাস দূরত্ববিশিষ্ট গোলীয় দর্পণ 'X' ব্যবহার করেন। একজন গাড়ীর চালকের সুবিধার জন্য গাড়ীর পার্শ্বে ব্যবহৃত 60 cm ফোকাস দূরত্ববিশিষ্ট 'Y' গোলীয় দর্পণের পিছনের অন্য একটি গাড়ীর

- বিম্বের দূরত্ব -50 cm হলো।
- আলোক কেন্দ্র কী? ১
 - লেসের ক্ষমতা -0.25 D বলতে কি বুঝায়? ২
 - Y-এ দেখা গাড়ীটি দর্পণ হতে কত মিটার দূরে ছিল? ৩
 - দস্তচিকিৎসক X এর দূরত্ব দাঁত হতে 4 cm এবং 8 cm দূরে রেখে কাজ করতে চাইলে কোন অবস্থানটি বেশি সুবিধাজনক হবে তা রশ্মি চিত্রের মাধ্যমে বিশ্লেষণ কর। ৪

৮ নং প্রশ্নের উত্তর

ক আলোক কেন্দ্র হলো লেন্সের মধ্যে প্রধান অক্ষের উপর অবস্থিত একটি নির্দিষ্ট বিন্দু যার মধ্যে দিয়ে কোনো রশ্মি অতিক্রম করলে প্রতিসরণের পর লেন্সের অপর পৃষ্ঠ থেকে নির্গত হওয়ার সময় আপতিত রশ্মি সমান্তরালভাবে নির্গত হয়।

খ লেন্সের ক্ষমতা -0.25 D বলতে বোঝায় লেন্সটি অবতল এবং এটি প্রধান অক্ষের সমান্তরাল একগুচ্ছ আলোকরশ্মিকে এমনভাবে অপসারী করে যেন মনে হয় এগুলো লেন্স থেকে $\frac{1}{0.25}$

বা 4 m দূরের কোনো বিন্দু থেকে অপসৃত হচ্ছে।

গ 'Y' গোলীয় দর্পণটি উত্তল বলে,
 ফোকাস দূরত্ব, $f = -60\text{ cm}$

গাড়ীর বিম্বের দূরত্ব, $v = -50\text{ cm}$

গাড়ীর দূরত্ব, $u = ?$

আমরা জানি,

$$\frac{1}{u} + \frac{1}{v} = \frac{1}{f}$$


$$\text{বা, } \frac{1}{u} = \frac{1}{f} - \frac{1}{v} = \frac{1}{-60\text{ cm}} - \frac{1}{-50\text{ cm}} = \frac{-5+6}{300\text{ cm}} = \frac{1}{300\text{ cm}}$$

$$\therefore u = 300\text{ cm} = 3\text{ m (Ans.)}$$

ঘ 'X' দর্পণটি হলো অবতল। এর ফোকাস দূরত্ব, $OF = f = 6\text{ cm}$


দর্পণ হতে দাঁত PQ এর দূরত্ব 4 cm এর ক্ষেত্রে:

P থেকে প্রধান অক্ষের সমান্তরাল রশ্মি প্রতিফলনের পর ফোকাস F দিয়ে এবং PO রশ্মি OB পথে গমন করে। রশ্মিদ্বয় অপসারী হওয়ায় P' হতে আসছে বলে মনে হয়। অর্থাৎ P' হচ্ছে P এর আবাস্তব প্রতিবিম্ব। P' থেকে প্রধান অক্ষের উপর অঙ্কিত $P'Q'$ লম্বই PQ এর আবাস্তব বিম্ব।




দর্পণ হতে দাঁত PQ এর দূরত্ব 8 cm এর ক্ষেত্রে:

P থেকে প্রধান অক্ষের সমান্তরাল রশ্মি প্রতিফলনের পর ফোকাস F দিয়ে এবং PO রশ্মি OP' পথে গমন করে। রশ্মিদ্বয় অভিসারী হওয়ায় P' বিন্দুতে মিলিত হয়। অর্থাৎ P' হচ্ছে P এর বাস্তব প্রতিবিম্ব। P' থেকে প্রধান অক্ষের উপর অঙ্কিত $P'Q'$ লম্বই PQ এর বাস্তব বিম্ব।



উভয় ক্ষেত্রে বিম্বের বিবর্ধণ প্রায় সমান হলেও 1 m ক্ষেত্রে বস্তু আবাস্তব ও সোজা হয়েছে কিন্তু 2 m ক্ষেত্রে বাস্তব ও উল্টা হয়েছে। দাঁত দেখার ক্ষেত্রে আবাস্তব সোজা বিবর্ধিত বিম্ব হওয়া প্রয়োজন। তাই বলা যায় 1 m অবস্থানটি বেশি সুবিধাজনক।

৯. বরিশাল বোর্ড ২০১৭



- অপটিক্যাল ফাইবার কী? ১
- বায়ুর সাপেক্ষে পানির প্রতিসরাঙ্ক 1.33 বলতে কি বুঝায়? ২

গ. বস্তুটি দর্পণ হতে 30 cm দূরে থাকলে বিম্বের দূরত্ব নির্ণয় কর।

ঘ. উদ্দীপকে লক্ষ্যবস্তুর অবস্থান কোথায় হলে প্রতিবিম্ব বাস্তব এবং বিবর্ধিত হবে— রশ্মিচিত্রের মাধ্যমে দেখাও।

৪ নং প্রশ্নের উত্তর

ক কাচ বা কোনো স্বচ্ছ পদার্থের তৈরি সরু তন্তু বা ফাইবার যা আলোর পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন ব্যবহার করে আলো বহনের কাজে ব্যবহার করা হয়, এরূপ তন্তু হচ্ছে অপটিক্যাল ফাইবার।

খ বায়ুর সাপেক্ষে পানির প্রতিসরনাক্ষ 1.33 বলতে বুঝায় যে, আলোকরশ্মি যদি বায়ু মাধ্যম থেকে পানিতে প্রবেশ করে তাহলে আপতন কোণের সাইন ও প্রতিসরণ কোণের সাইনের অনুপাত সর্বদা 1.33 হবে।

গ দেওয়া আছে,

বক্রতার ব্যাসার্ধ, $r = 20 \text{ cm}$

\therefore ফোকাস দূরত্ব, $f = \frac{r}{2} = 10 \text{ cm}$

লক্ষ্যবস্তুর দূরত্ব, $u = 30 \text{ cm}$

বিম্বের দূরত্ব, $v = ?$

জানা আছে,


$$\frac{1}{u} + \frac{1}{v} = \frac{1}{f}$$

$$\text{বা, } \frac{1}{v} = \frac{1}{f} - \frac{1}{u} = \frac{1}{10 \text{ cm}} - \frac{1}{30 \text{ cm}} = \frac{3-1}{30 \text{ cm}} =$$

$$\frac{1}{15 \text{ cm}}$$


$$\therefore v = 15 \text{ cm}$$

ঘ উদ্দীপকের লক্ষ্যবস্তুর অবস্থান প্রধান ফোকাস F ও বক্রতার কেন্দ্র C এর মাঝে হলে বাস্তব এবং বিবর্ধিত প্রতিবিম্ব গঠিত হবে। MOM' অবতল দর্পণের প্রধান অক্ষ PC-এর উপর লম্ব, F ও C এর মাঝে AO একটি লক্ষ্যবস্তু। O থেকে আগত প্রধান অক্ষের সমান্তরাল রশ্মি প্রতিফলনের পর F দিয়ে যাবে এবং F গামী অপর একটি রশ্মি প্রতিফলনের পর প্রধান অক্ষের সমান্তরাল ভাবে নির্গত হবে। প্রতিফলিত রশ্মিদ্বয় I বিন্দুতে মিলিত হয়। সুতরাং I হবে O বিন্দুর বাস্তব প্রতিবিম্ব। I থেকে PC এর উপর অঙ্কিত লম্ব BI হবে AO-এর বাস্তব প্রতিবিম্ব। চিত্র থেকে দেখা যায়, বিম্ব বাস্তব ও বিবর্ধিত হয়েছে।



অধ্যায়-৮: আলোর প্র

নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নসমূহের উত্তর দাও:



[ঢা. বো. ২০১৬]

ক. লেন্স

কী?

১

খ. উত্তল লেন্সকে অভিসারী লেন্স বলা হয় কেন? ব্যাখ্যা কর।

২

গ. প্রদত্ত লক্ষ্যবস্তুর বিম্ব কীরূপ হবে চিত্রের সাহায্যে বর্ণনা কর।

৩

ঘ. উদ্দীপকের দর্পণটি হতে অবাস্তুর বিম্ব পাওয়া সম্ভব কিনা রশ্মিচিত্রের সাহায্যে তোমার মতামত বিশেষণ কর।


৪

১ নং প্রশ্নের উত্তর


ক দুটি গোলায় পৃষ্ঠ দ্বারা সীমাবদ্ধ কোনো স্বচ্ছ প্রতিসারক মাধ্যমকে লেন্স বলে।

খ যে লেন্সের মধ্যভাগ পুরু এবং প্রান্তভাগ সরু তাকে উত্তল লেন্স বলে। উত্তল লেন্সের উপর সমান্তরাল রশ্মিগুচ্ছ আপতিত হলে প্রতিসরণের পর নির্গত হওয়ার সময় মিলিত হয় বা অভিসারী রশ্মিগুচ্ছে পরিণত হয় বলে উত্তল লেন্সকে অভিসারী লেন্স বলে।

নিচের চিত্রে বিষয়টি দেখানো হলো :



ঘ উদ্দীপকে প্রদত্ত চিত্রে একটি অবতল দর্পণের প্রধান অক্ষ PC-এর উপর লম্ব একটি লক্ষ্যবস্তু AO যা বক্রতার কেন্দ্র C ও প্রধান ফোকাস F এর মাঝে অবস্থিত। O থেকে আগত প্রধান অক্ষের সমান্তরাল রশ্মি OQ প্রতিফলনের পর প্রধান ফোকাস F দিয়ে যাবে এবং প্রধান ফোকাস F গামী অপর একটি রশ্মি প্রতিফলনের পর প্রধান অক্ষের সমান্তরাল ভাবে নির্গত হবে। প্রতিফলিত রশ্মিদ্বয় O' বিন্দুতে মিলিত হয়। সুতরাং O' হবে O বিন্দুর বাস্তব প্রতিবিম্ব। O' থেকে অক্ষের উপর অঙ্কিত লম্ব A'O' হবে OA-এর বাস্তব প্রতিবিম্ব। চিত্র থেকে দেখা যায়-



প্রতিবিম্বের অবস্থান
প্রতিবিম্বের প্রকৃতি


: বক্রতার কেন্দ্র ও অসীমের মাঝে,
: বাস্তব এবং উল্টো

প্রতিবিম্বের আকৃতি


: বিবর্ধিত

উদ্দীপকে প্রদত্ত দর্পণটি একটি অবতল দর্পণ। অবতল দর্পণে বস্তুর অবাস্তুর বিম্ব পাওয়া সম্ভব। বস্তুর অবস্থান প্রধান ফোকাস ও মেরুর মাঝে হলে অবতল দর্পণে অবাস্তুর বিম্ব গঠিত হয়।

অবতল দর্পণের প্রধান অক্ষ PC-এর উপর লম্ব একটি লক্ষ্যবস্তু OA যা দর্পণের মেরু ও প্রধান ফোকাসের মাঝে অবস্থিত। O থেকে আগত প্রধান অক্ষের সমান্তরাল রশ্মি প্রতিফলনের পর প্রধান ফোকাস F দিয়ে যাবে এবং ব্যাসার্ধ বরাবর অপর একটি রশ্মি প্রতিফলনের পর একই পথে ফিরে আসবে।



এই প্রতিফলিত রশ্মি দুই দর্পণের সামনে কোনো বিন্দুতে মিলিত হয় না। কিন্তু এদেরকে পিছনের দিকে বাড়ালে O2 বিন্দুতে মিলিত হয়। সুতরাং O' হচ্ছে O বিন্দুর অবাস্তুর বিম্ব। O' থেকে অক্ষের উপর অঙ্কিত লম্ব O'A' হবে OA এর অবাস্তুর প্রতিবিম্ব। সুতরাং বলা যায়, প্রদত্ত দর্পণটি হতে অবাস্তুর প্রতিবিম্ব পাওয়া সম্ভব।



[রা. বো. ২০১৬]

- ক. দর্পণের মেরু কাকে বলে? ১
- খ. অবতল দর্পণ একটি অভিসারী দর্পণ কেন? ব্যাখ্যা কর। ২
- গ. চিত্রে দর্পণের সামনে প্রধান অক্ষের উপর 24cm দূরে বস্তু অবস্থান করলে রৈখিক বিবর্ধন নির্ণয় কর। ৩
- ঘ. চিত্রে দর্পণের সামনে 10cm এবং 15cm দূরত্বে দুইটি বস্তু অবস্থান করলে প্রতিবিম্বের অবস্থান ও প্রকৃতি রশ্মিচিত্রসহ বিশেষণ কর। ৪

২ নং প্রশ্নের উত্তর

গোলীয় দর্পণের প্রতিফলক পৃষ্ঠের মধ্যবিন্দুকে দর্পণের মেরু বলে।
 অবতল দর্পণ একটি অভিসারী দর্পণ কারণ, সমান্তরাল আলোকরশ্মি অবতল দর্পণে আপতিত হওয়ার পর প্রতিফলিত হয়ে একটি বিন্দুতে মিলিত হয় বা অভিসারী রশ্মিগুচ্ছে পরিণত হয়।

দেওয়া আছে,

ফোকাস দূরত্ব, $f = 12 \text{ cm}$

বস্তুর দূরত্ব, $u = 24 \text{ cm}$

বিম্বের দূরত্ব, $v = ?$

বিবর্ধন, $|m| = ?$

আমরা জানি,

$+ = f$

বা, $= f -$

$= -$


$=$

$\therefore v = 24 \text{ cm}$

আবার, $|m| =$

$= = 1 \text{ (Ans.)}$


প্রদত্ত অবতল দর্পণটির ফোকাস দূরত্ব 12 cm। দর্পণের 10 cm সামনের বস্তুটি মেরু ও প্রধান ফোকাসের মাঝে অবস্থিত।



ধরা যাক, OA লক্ষ্যবস্তুটি দর্পণের 10 cm সামনে অবস্থিত। O থেকে আগত প্রধান অক্ষের সমান্তরাল রশ্মি প্রতিফলনের পর প্রধান ফোকাস F দিয়ে যাবে এবং ব্যাসার্ধ বরাবর অপর একটি রশ্মি প্রতিফলনের পর একই পথে ফিরে আসবে। প্রতিফলিত রশ্মি দুই O' বিন্দু থেকে নির্গত হচ্ছে বলে মনে হয়। সুতরাং O' হবে O বিন্দুর অবাস্তুর প্রতিবিম্ব। O' থেকে অক্ষের উপর অঙ্কিত লম্ব O'A' হবে OA-এর অবাস্তুর প্রতিবিম্ব। চিত্র থেকে দেখা যায়-

- প্রতিবিম্বের অবস্থান : দর্পণের পিছনে
 প্রতিবিম্বের প্রকৃতি : অবাস্তুর এবং সিধা
 প্রতিবিম্বের আকৃতি : বিবর্ধিত

আবার দর্পণের 15 cm সামনের বস্তুটি প্রধান ফোকাস ও প্রধান বক্রতার কেন্দ্রের মাঝে অবস্থিত।



ধরা যাক, AO লক্ষ্যবস্তুটি বক্রতার কেন্দ্র C ও প্রধান ফোকাস F এর মাঝে অবস্থিত। O থেকে আগত প্রধান অক্ষের সমান্তরাল রশ্মি OQ প্রতিফলনের পর প্রধান ফোকাস F দিয়ে যাবে এবং প্রধান ফোকাস F গামী অপর একটি রশ্মি প্রতিফলনের পর প্রধান অক্ষের সমান্তরাল ভাবে নির্গত হবে। প্রতিফলিত রশ্মি দুই O' বিন্দুতে মিলিত হয়। সুতরাং O' হবে O বিন্দুর অবাস্তুর প্রতিবিম্ব। O' থেকে অক্ষের উপর অঙ্কিত লম্ব A'O' হবে OA-এর অবাস্তুর প্রতিবিম্ব। চিত্র থেকে দেখা যায়-

- প্রতিবিম্বের অবস্থান : বক্রতার কেন্দ্র ও অসীমের মাঝে,
 প্রতিবিম্বের প্রকৃতি : অবাস্তুর এবং উল্টো
 প্রতিবিম্বের আকৃতি : বিবর্ধিত

একজন দর্পণচিকিৎসক কাজের সুবিধার জন্য 6 cm ফোকাস দূরত্ববিশিষ্ট গোলীয় দর্পণ 'X' ব্যবহার করেন। একজন গাড়ীর চালকের সুবিধার জন্য গাড়ীর পার্শ্ব ব্যবহৃত 60 cm ফোকাস দূরত্ববিশিষ্ট 'Y' গোলীয় দর্পণের পিছনের অন্য একটি গাড়ীর বিম্বের দূরত্ব -50 cm হলো। [দি. বো. ২০১৭]

ক. আলোক কেন্দ্র বলতে কি বুঝায়? ১


খ. লেন্সের ক্ষমতা - 0.25 D বলতে কি বুঝায়? ২

গ. Y-এ দেখা গাড়ীটি দর্পণ হতে কত মিটার দূরে ছিল? ৩


ঘ. দর্পণচিকিৎসক X এর দূরত্ব দাঁত হতে 4 cm এবং 8 cm দূরে রেখে কাজ করতে চাইলে কোন অবস্থানটি বেশি সুবিধাজনক হবে তা রশ্মি চিত্রের মাধ্যমে বিশেষণ কর। ৪

৩ নং প্রশ্নের উত্তর

আলোক কেন্দ্র হলো লেন্সের মধ্যে প্রধান অক্ষের উপর অবস্থিত একটি নির্দিষ্ট বিন্দু যার মধ্যে দিয়ে কোনো রশ্মি অতিক্রম করলে প্রতিসরণের পর লেন্সের অপর পৃষ্ঠ থেকে নির্গত হওয়ার সময় আপতিত রশ্মি সমান্তরাল রূপে নির্গত হয়।



উদ্দীপকে উল্লিখিত দর্পণটি একটি অবতল দর্পণ এবং লক্ষ্যবস্তুর প্রধান ফোকাস ও মেরু এর মধ্যে অবস্থিত। মনে করি, অবতল দর্পণটি MM' যার মেরু, O প্রধান ফোকাস F ও বক্রতার কেন্দ্র C । PQ হলো লক্ষ্যবস্তু। এখন P থেকে একটি আলোকরশ্মি বক্রতার কেন্দ্র বরাবর দর্পণে আপতিত হয়ে ঐ পথেই প্রতিফলিত হয়। P থেকে আরেকটি রশ্মি প্রধান অক্ষের সমান্তরালে দর্পণে আপতিত হয়ে প্রধান ফোকাস দিয়ে প্রতিফলিত হয়। প্রতিফলিত রশ্মি দুইটিকে পিছনের দিকে বাড়ালে P' বিন্দু থেকে অপসৃত হচ্ছে বলে মনে হয়। P' থেকে প্রধান অক্ষের উপর অঙ্কিত $P'Q'$ লম্বই PQ এর বিম্ব। চিত্র থেকে দেখা যায় যে, $P'Q'$ প্রতিবিম্বটি অসদ, সোজা এবং বিবর্ধিত।



উদ্দীপকের লক্ষ্যবস্তুটি C অবস্থানে অর্থাৎ বক্রতার কেন্দ্রে অবস্থিত। মনে করি, উদ্দীপকের অবতল দর্পণটি MM' ও লক্ষ্যবস্তু PQ । এখন, P থেকে একটি রশ্মি প্রধান অক্ষের সমান্তরালে দর্পণে আপতিত হলে প্রতিফলনের পর তা প্রধান ফোকাস দিয়ে যায়। P থেকে আরেকটি রশ্মি প্রধান ফোকাস দিয়ে দর্পণে আপতিত হয়ে প্রতিফলনের পরে প্রধান অক্ষের সমান্তরালে যায়। প্রতিফলিত রশ্মিদ্বয় P' বিন্দুতে মিলিত হয়। P' হতে প্রধান অক্ষের উপর অঙ্কিত $P'Q'$ লম্বই PQ এর বিম্ব। চিত্র থেকে দেখা যায়, $P'Q'$ বিম্বের অবস্থান বক্রতার কেন্দ্রে, আকৃতি সদ ও উল্টো এবং আকৃতি লক্ষ্যবস্তুর সমান।

40 cm ফোকাস দূরত্ব বিশিষ্ট একটি অবতল দর্পণের সামনে 30 cm দূরে একট বস্তু স্থাপন করা হলো। [রংপুর ক্যাডেট কলেজ]

ক.পূর্ণ অভ্যঙ্গুরীণ প্রতিফলন কাকে বলে? ১

খ.বায়ুর সাপেক্ষে কেরোসিনের ক্রান্তি কোণ 44° বলতে কী বোঝ? ২

গ.দর্পণ হতে কত দূরত্বের বিম্ব গঠিত হয়েছিলো? ৩

ঘ.উদ্দীপকের অনুসারে কোথায় বিম্ব গঠিত হয় রশ্মিচিত্র একে বিশেষণ করো। ৪

৬ নং প্রশ্নের উত্তর

আলোকরশ্মি ঘন মাধ্যম থেকে হালকা মাধ্যমের অভিমুখে যাওয়ার পথে দুই মাধ্যমের বিভেদতলে ক্রান্তিক্রমের চেয়ে বড় মানের কোণে আপতিত হলে আলোকরশ্মির সবটুকুই দুই মাধ্যমের বিভেদ তলে সম্পূর্ণ প্রতিফলিত হয়ে ঘন মাধ্যমে ফিরে আসে। এই ঘটনাকে পূর্ণ অভ্যঙ্গুরীণ প্রতিফলন বলে।


বায়ু সাপেক্ষে কেরোসিনের ক্রান্তি কোণ 44° বলতে বোঝায় আলো কেরোসিন হতে বায়ুতে প্রতিসরণের সময় আপতন কোণ 44° হলে প্রতিসরিত রশ্মি মাধ্যমদ্বয়ের বিভেদতলে ঘেঁষে চলে যায় অর্থাৎ প্রতিসরণ কোণ 90° হয়। আপতিত রশ্মি 44° অপেক্ষা বেশি কোণে আপতিত হলে পূর্ণ অভ্যঙ্গুরীণ প্রতিফলন ঘটে।

৪(গ) নং সৃজনশীল প্রশ্নোত্তরের অনুরূপ। উত্তর: -120 cm

উদ্দীপক অনুসারে, বস্তুটি দর্পণটির 30cm সামনে অবস্থিত হলে বস্তুর অবস্থান হবে দর্পণ ও প্রধান ফোকাসের মধ্যে। নিচে রশ্মি চিত্রের সাহায্যে দর্পণের মেরু ও প্রধান ফোকাসের মাঝে অবস্থিত বস্তুর বিম্ব গঠন ব্যাখ্যা করা হলো।

মনে করি, দর্পণের প্রধান অক্ষের উপর, মেরু ও প্রধান ফোকাসের মধ্যে লম্বভাবে অবস্থিত AO লক্ষ্য বস্তু। O বিন্দু থেকে একটি রশ্মি প্রধান

অক্ষের সমান্তরালে আপতিত হয়ে প্রধান ফোকাসের মধ্য দিয়ে প্রতিফলিত হয় এবং অপর একটি রশ্মি বক্রতার ব্যাসার্ধ বরাবর দর্পণে আপতিত হয়ে প্রতিফলনের পর সেটি একই পথে ফিরে যায়। প্রতিফলনের ফলে রশ্মি দুটি পরস্পর অপসারী রশ্মিতে পরিণত হয়। রশ্মি দুটিকে পিছনের দিকে বাড়ালে এরা I বিন্দু থেকে আসছে বলে মনে হয়। অর্থাৎ I বিন্দুই হলো O বিন্দুর আবাস্তুর প্রতিবিম্ব। I বিন্দু থেকে প্রধান অক্ষের উপর অঙ্কিত IB লম্ব টানা হলো। সুতরাং BI হল বস্তুর আবাস্তুর বিম্ব।



সুতরাং অবতল দর্পণটির মেরু হতে 30 cm সামনে বস্তু স্থাপন করলে বিম্ব আবাস্তুর হবে এবং দর্পণের পিছনে গঠিত হবে।

জামি তার চেহারা দেখার জন্য একটি অবতল দর্পণের সামনে দাঁড়ায় যার বক্রতলের ব্যাসার্ধ 3m। সে 1 মিটার লম্বা, উল্টা ও দর্পণ থেকে 2.5m দূরে নিজের প্রতিবিম্ব দেখতে পেল। দর্পণের কাঁচের প্রতিসরণাঙ্ক 1.33। [বরিশাল ক্যাডেট কলেজ]

ক.টোমোগ্রাফি কী? ১

খ.চিকিৎসাশাস্ত্রে অবতল দর্পণ ব্যবহার করা হয় ব্যাখ্যা কর। ২

গ.দর্পণের কাঁচের মধ্যে আলোর বেগ কত? ৩

ঘ.জামির উচ্চতা তার প্রতিবিম্বের উচ্চতার থেকে বেশি এ সম্পর্কে তোমার মতামত দাও। ৪

৭ নং প্রশ্নের উত্তর

যে প্রক্রিয়ায় কোনো ত্রিমাত্রিক বস্তুর কোনো ফালি বা অংশের দ্বিমাত্রিক প্রতিবিম্ব তৈরী করা হয় সে প্রক্রিয়াকে টমোগ্রাফি বলে।

আমরা জানি, অবতল দর্পণে আপতিত আলো অভিসারী রশ্মিগুচ্ছ সৃষ্টি করতে পারে। এ দর্পণের সাহায্যে আলোক-রশ্মিগুচ্ছকে একত্রিত করে একটি নির্দিষ্ট বিন্দুতে ফেলা যায় এবং যেকোনো অঙ্গের বিবর্ধিত বিম্ব পাওয়া যায়। এ কারণেই ডাক্তাররা চোখ, নাক, কান ও গলা পর্যবেক্ষণের জন্য অবতল দর্পণ ব্যবহার করেন।

দেয়া আছে, কাঁচের প্রতিসরণাঙ্ক, $\mu = 1.33$

শূন্য মাধ্যমের আলোর বেগ $= 3 \times 10^8 \text{ ms}^{-1}$

দর্পণের কাঁচের মধ্যে আলোর বেগ $v = ?$

আমরা জানি, $\mu =$ বা, $1.33 = \times$

$4 v = 2.26 \times 10^8 \text{ ms}^{-1}$ (Ans.)

উদ্দীপক হতে পাই, দর্পণের বক্রতার ব্যাসার্ধ, $r = 3\text{m}$

দর্পণের ফোকাস দূরত্ব, $f =$ বা, 1.5 m

প্রতিবিম্বের দূরত্ব, $v = ?$

আমরা জানি, $+ = f$

বা, $+ =$

বা, $= -$

বা, $v = 3.75 \text{ m}$

আবার, আমরা জানি, বিবর্ধন, $m =$

বা, $m = 1.5$

প্রতিবিম্বের উচ্চতা, $l' = 1 \text{ m}$

জামির উচ্চতা, $l = ?$

আবার, আমরা জানি,

$$m = l$$

$$\text{বা, } l = m$$

$$4l = 0.67m < 1m$$

উদ্দীপকের উক্তিটি সঠিক নয়।

অর্থাৎ, জামির প্রকৃত উচ্চতা তার প্রতিবিম্বের উচ্চতা থেকে কম।

দর্পণ	ব্যবহার
i.	নাক, গলা, কান এবং চোখ পর্যবেক্ষণ।
ii.	যানবাহনে প্রতিবিম্বের জন্য

[বিনাইদহ ক্যাডেট কলেজ]

ক. ক্রান্তিকোণ

কী?

১

খ. মরীচিকা

ব্যাখ্যা

কর।

২

গ. যদি কোনো বস্তু i. নম্বর দর্পণের 20cm সামনে রাখা হয় তাহলে অত্যন্ডু বিবর্ধিত বিম্ব গঠিত হয়- চিত্রের মাধ্যমে দর্পণের বক্রতার কেন্দ্রের দূরত্ব বের কর।

৩

ঘ. ii. নং দর্পণ যানবাহনের পিছনের দৃশ্য দেখার জন্য ব্যবহৃত হওয়ার কারণ চিত্রের মাধ্যমে ব্যাখ্যা কর।


৪

৮ নং প্রশ্নের উত্তর

নির্দিষ্ট রঙের আলোক রশ্মি ঘন মাধ্যম থেকে হালকা মাধ্যমে প্রতিসরণের সময় আপতন কোণের যে মানের জন্য প্রতিসরণ কোণ এক সমকোণ হয় তাকে ঐ হালকা মাধ্যমের সাপেক্ষে ঘন মাধ্যমের ক্রান্তিকোণ বলে।

আলোর পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলনের কারণে মরীচিকা সৃষ্টি হয়। গ্রীষ্মের দুপুরে ভূ-পৃষ্ঠ বা পীচ ঢালা রাস্তা সখল্লা বায়ুস্তর ঘনত্বের সাপেক্ষে উপরের বায়ুস্তর অপেক্ষা হালকা থাকে এবং নিচের বায়ুস্তর উপরের বায়ুস্তর অপেক্ষা আলোকীয় ঘনত্বের দিক দিয়েও হালকা থাকে। ফলে সূর্য থেকে আগত আলোকরশ্মি বিভিন্ন বায়ুস্তরের মধ্য দিয়ে ক্রমাগত প্রতিসরণের ফলে এক সময় ক্রান্তিকোণের চেয়ে বেশি কোণে আপতিত হলে পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন ঘটে। ফলে এই আলোকরশ্মি দর্শকের চোখে এমনভাবে পৌঁছে যেন মনে হয় রাস্তার উপরিতল থেকে আলোকরশ্মির প্রতিফলন ঘটছে। ফলে মনে হয় রাস্তার উপর একটি পানির স্তর আছে যেখান থেকে আলোর নিয়মিত প্রতিফলন ঘটছে। এজন্য রাস্তা ভেজা মনে হয়। এভাবে আলোর পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলনের কারণে মরীচিকা সৃষ্টি হয়।

i নম্বর দর্পণ একটি অবতল দর্পণ। যখন একটি বস্তু দর্পণের প্রধান ফোকাসে রাখা হয় তখন অসীমে অত্যন্ডু বিবর্ধিত বিম্ব গঠিত হয়।



বস্তুটি দর্পণের প্রধান ফোকাসে অবস্থিত।

$$\text{সূত্রাং বস্তুর দূরত্ব} = \text{ফোকাস দূরত্ব} (f) = 20 \text{ cm}$$

আমরা জানি, $f =$

$$\text{বা, } r = 2 \times f = 2 \times 20 \text{ cm}$$


$$\therefore r = 40 \text{ cm}$$

\therefore দর্পণের বক্রতার কেন্দ্রের দূরত্ব 40 cm (Ans.)

ii. নম্বর দর্পণ একটি উত্তল দর্পণ। যেহেতু এই দর্পণে অনেক দূরের বস্তু দেখা যায়, তাই উত্তল দর্পণ গাড়ির পিছনের দৃশ্য দেখার কাজে ব্যবহৃত হয়। অবস্থানের উপরে নির্ভর করে অবতল দর্পণে বাস্ফ্র ও অবাস্ফ্র উভয় ধরনের বিম্ব গঠিত হয়। কিন্তু উত্তল দর্পণে বস্তুর অবস্থান যেখানেই

হোক না কেন প্রতিবিম্ব অবাস্ফ্র সোজা ও খর্বিত হবে। নিচে চিত্রের মাধ্যমে বিষয়টি ব্যাখ্যা করা হলো

ধরা যাক, MPM' একটি উত্তল দর্পণ যার PC প্রধান অক্ষ, C বক্রতার কেন্দ্র, F প্রধান ফোকাস এবং P দর্পণের মেরু। একটি বিস্তৃত লক্ষ্যবস্তু OA দর্পণের সামনে প্রধান অক্ষের উপর লম্বভাবে আছে। O বিন্দু থেকে নিঃসৃত আলোক রশ্মি প্রধান অক্ষের সমান্তরাল হয়ে M বিন্দুতে আপতিত হলে প্রতিফলনের পর রশ্মিটি দর্পণের প্রধান ফোকাস F থেকে আসছে বলে মনে হয়। দর্পণের বক্রতার কেন্দ্রমুখী অপর একটি রশ্মি OD লম্বভাবে দর্পণে আপতিত হওয়ায় একই পথে প্রতিফলিত হয়।



এখন এই অপসারী প্রতিফলিত রশ্মিদ্বয়কে পিছনের দিকে বাড়িয়ে দিলে এরা I বিন্দু থেকে আসছে বলে মনে হবে। তাহলে I বিন্দুই হবে O বিন্দুর অসদ বিম্ব। এখন I থেকে অক্ষের উপর IB লম্ব টানলে IB ই হবে OA লক্ষ্যবস্তুর অসদ বিম্ব। লক্ষ্যবস্তু যে অবস্থানেই থাকুক না কেন, দর্পণে প্রতিফলিত রশ্মিগুলো সর্বদাই অপসারী হয়, অর্থাৎ কোনো বিন্দুতে প্রকৃতপক্ষে মিলিত হয় না। তবে পেছনের দিকে বর্ধিত করলে রশ্মিসমূহ কোনো বিন্দু হতে অপসৃত হচ্ছে বলে মনে হয় তাই এ দর্পণে গঠিত বিম্ব সর্বদাই অসদ বা অবাস্ফ্র।

মীম এবং তার ক্লাসের সহপাঠীরা স্কুলের ল্যাবের দরজায় দাঁড়িয়ে 10 cm বক্রতার ব্যাসার্ধের একটি দর্পণ নিয়ে স্কুল মাঠের অপর প্রান্তে একটি গাছের প্রতিবিম্ব একটি মসৃণ সাদা দেয়ালের উপর ফেলল। দর্পণটিকে স্পষ্ট করা হল।

[বর্ডার গার্ড পাবলিক উচ্চ বিদ্যালয়, শ্রীমঙ্গল, মৌলভীবাজার]

ক. প্রতিবিম্ব

কী?

১

খ. নিরাপদ ড্রাইভিং-এ দর্পণের ভূমিকা আলোচনা করো।

২

গ. উল্লিখিত বিষয়টির অবস্থান রশ্মিচিত্র অংকন করে দেখাও এবং দর্পণ থেকে দেয়ালের দূরত্ব নির্ণয় করো।

৩

ঘ. মীম প্রদত্ত দর্পণের পরিবর্তে একটি উত্তল দর্পণ ব্যবহার করতে পারবে কি-না তা রশ্মি চিত্র এঁকে বিশেষণ করো।


৪

৯ নং প্রশ্নের উত্তর

কোনো বিন্দু হতে নির্গত আলোক রশ্মিগুচ্ছ কোনো তলে প্রতিফলিত বা প্রতিসরিত হবার পর যদি দ্বিতীয় কোনো বিন্দুতে মিলিত হয় বা দ্বিতীয় কোনো বিন্দু হতে অপসারিত হচ্ছে বলে মনে হয় তখন ঐ দ্বিতীয় বিন্দুটি হলো প্রথম বিন্দুর প্রতিবিম্ব।

নিখুঁত ও নিরাপদ গাড়ি চালাতে হলে চালককে শুধু গাড়ির সামনে নয় সাথে পিছনে এবং পাশে কি আছে এ ব্যাপারেও সজাগ থাকতে হয়। গাড়িতে চালকের অবস্থানের দুই পাশে লুকিং গ্যাস এবং চালকের সামনে উপরের দিকে একটি উত্তল দর্পণ থাকে যাতে চালক পিছনের এবং পাশের দৃশ্য দেখতে পারে। এছাড়াও পাহাড়ী রাস্তার বিপজ্জনক বাঁকে 45° কোণে বৃহৎ আকারের সমতল দর্পণ বসানো হয় যার ফলে গাড়ি চালকগণ বাঁকের আশেপাশে সব কিছু দেখতে পান এবং নিরাপদে গাড়ি চালাতে পারেন। এজন্য নিরাপদ ড্রাইভিং এর ক্ষেত্রে গাড়ির দর্পণ অত্যন্ডু গুরুত্বপূর্ণ।


মাঠের অপর প্রান্তে তথা অসীম দূরত্বে অবস্থিত গাছের প্রতিবিম্বের জন্য রশ্মিচিত্র নিক্ষেপ:



এখানে, $PC = 10 \text{ cm}$ [উদ্দীপক হতে]
 $\therefore PF = 5 \text{ cm}$

অসীম দূরত্বে অবস্থিত গাছ হতে আগত রশ্মিগুচ্ছ দর্পণে প্রতিফলনের পর I বিন্দুতে মিলিত হয়ে ফোকাস তলে বা দেয়ালে FI প্রতিবিম্ব গঠন করে। সুতরাং দর্পণ হতে দেয়ালের দূরত্ব PF বা 5 cm.

প্রদত্ত অবতল দর্পণের পরিবর্তে উত্তল দর্পণ ব্যবহার করে গাছের প্রতিবিম্ব গঠনের রশ্মিচিত্র নিরূপণ



উত্তল দর্পণের ক্ষেত্রে অসীম দূরত্বে অবস্থিত গাছ হতে আগত রশ্মিগুচ্ছ দর্পণে প্রতিফলনের পর দর্পণের পিছনে I বিন্দু হতে অপসৃত হয় এবং FI অবাস্তব বিম্ব গঠন করে। আর অবাস্তব বিম্বকে পর্দায় ফেলা যায় না। এজন্য মীম প্রদত্ত দর্পণের পরিবর্তে উত্তল দর্পণ ব্যবহার করে প্রতিবিম্বকে দেয়ালের উপর ফেলতে পারবে না।

25 cm ফোকাস দূরত্ব বিশিষ্ট একটি অবতল দর্পণের প্রধান অক্ষের উপর দর্পণ হতে 35 cm দূরে একটি লক্ষ্যবস্তু রাখা আছে। ফলে বস্তুটির একটি বাস্তব প্রতিবিম্ব পাওয়া যায়।

[জয়দেবপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, গাজীপুর]

ক. যান্ত্রিক তরঙ্গ কী?

খ. মানুষের মস্তিষ্কে দর্শনভূতির ও শব্দের স্থায়িত্বকাল ব্যাখ্যা করো।

গ. দর্পণ হতে বিম্বের দূরত্ব নির্ণয় করো।

ঘ. যদি লক্ষ্যবস্তু দর্পণ হতে 20 cm দূরে থাকে তবে উদ্দীপকের অনুরূপ প্রকৃতির বিম্ব পাওয়া যাবে কী রশ্মি চিত্রের মাধ্যমে দেখাও।


১০ নং প্রশ্নের উত্তর

যে পর্যাবৃত্ত আন্দোলন কঠিন, তরল বা গ্যাসীয় মাধ্যমের এক স্থান থেকে অন্য স্থানে শক্তি সঞ্চালিত করে কিন্তু মাধ্যমের কণাগুলোকে স্থায়ীভাবে স্থানান্তরিত করে না তাকে যান্ত্রিক তরঙ্গ বলে।

কোনো শব্দ শোনার পর প্রায় 0.1 সেকেন্ড পর্যন্ত এর রেশ আমাদের মস্তিষ্কে থাকে। এই সময়কে শব্দানুভূতির স্থায়িত্বকাল বলে। প্রতিধ্বনি শোনার জন্য মূলধ্বনি ও প্রতিধ্বনির সময়ের পার্থক্য অল্পত 0.1 সেকেন্ড হওয়া প্রয়োজন। কোনো বস্তুকে চোখের সম্মুখ থেকে সরিয়ে নেয়া হয় তাহলে সরিয়ে নেওয়ার পর 0.1 সেকেন্ড পর্যন্ত এর অনুভূতি মস্তিষ্কে থাকে। এই সময়কে দর্শনভূতির স্থায়িত্বকাল বলে। কোনো বস্তুকে চোখের সম্মুখ থেকে সরিয়ে এক সেকেন্ডের দশ ভাগের এক ভাগের মধ্যে যদি বস্তুকে সম্মুখে আনা হয় তাহলে দর্শনভূতির স্থায়িত্বের জন্য মাঝখানের অনুপস্থিতি টের পাওয়া যায় না।

8(গ) নং সৃজনশীল প্রশ্নোত্তরের অনুরূপ। উত্তর: 87.5 cm

এখানে,
 ফোকাস দূরত্ব, $f = 25 \text{ cm}$
 বস্তু দূরত্ব, $u = 20 \text{ cm}$



এখানে, প্রধান ফোকাসের অভ্যন্তরে PQ একটি বস্তু থেকে আলোকরশ্মি প্রধান অক্ষের সমান্তরালে দর্পণে আপতিত হয়ে প্রধান ফোকাস দিয়ে যায় এবং অপর একটি আলোকরশ্মি বক্রতার কেন্দ্র পথে আপতিত হয়ে ঐ পথেই ফিরে আসে। আলোকরশ্মিদ্বয়কে বর্ধিত করলে দর্পণের পেছনে Q' বিন্দুতে মিলিত হয়। এই P'Q' হল PQ বস্তুর অবাস্তব প্রতিবিম্ব।

বিম্বের অবস্থান: দর্পণের পেছনে

আকৃতি: বিবর্ধিত

প্রকৃতি: অবাস্তব ও সোজা

অর্থাৎ যদি লক্ষ্যবস্তু দর্পণ হতে 20 cm দূরে থাকে তবে উদ্দীপকের অনুরূপ প্রকৃতির বিম্ব পাওয়া যাবে না।

একটি অবতল দর্পণের ফোকাস দূরত্ব 12 cm, দর্পণের প্রধান অক্ষের উপর মেরু থেকে 16 cm ও 24 cm দূরে দুটি বস্তু রাখা আছে। [সরকারি কে.জি. ইউনিয়ন উচ্চ বিদ্যালয়]

ক. ফোকাস	তল	কাকে	বলে?
খ. সিনেমার পর্দা	অমসৃণ হয়	কেন?	১ ব্যাখ্যা করো।
গ. প্রথম বস্তুটির	রৈখিক	বিবর্ধন	২ নির্ণয় করো।
ঘ. ২য় বস্তুটির চেয়ে বেশি দূরে অবস্থিত কোনো বস্তুর	বিম্বের	প্রকৃতি,	৩ আকৃতি ও অবস্থান চিত্রের সাহায্যে ব্যাখ্যা করো।
			৪

১১ নং প্রশ্নের উত্তর

প্রধান ফোকাসের মধ্য দিয়ে লেন্সের প্রধান অক্ষের সঙ্গে লম্বভাবে অবস্থিত কল্পিত সমতলই হলো ফোকাস তল।


সিনেমার পর্দা অমসৃণ রাখা হয় কারণ অমসৃণ পর্দায় বিক্ষিপ্ত প্রতিফলন ঘটে। নিয়মিত প্রতিফলনে প্রতিফলিত রশ্মি একদিকে যায় বলে শুধু এক দিকে বসা দর্শক দেখতে পাবেন। কিন্তু বিক্ষিপ্ত প্রতিফলনে প্রতিফলিত রশ্মি চারদিকে ছড়িয়ে পড়ে বলে বেশি দর্শক দেখতে পায় এবং তাই পর্দা অমসৃণ রাখা হয়।

২(গ) নং সৃজনশীল প্রশ্নোত্তরের অনুরূপ। উত্তর: 3

উল্লেখিত অবতল দর্পণের ফোকাস দূরত্ব, $f = 12 \text{ cm}$

4 বক্রতার ব্যাসার্ধ, $r = 2 \times 12 \text{ cm} = 24 \text{ cm}$

উদ্দীপকের দ্বিতীয় বস্তুটি প্রধান অক্ষের উপর মেরু থেকে 24 cm দূরে রাখা হয়েছে। ২য় বস্তুটির চেয়ে বেশি দূরে কোনো বস্তু রাখলে তা অসীম এবং বক্রতার কেন্দ্রের মাঝে অবস্থিত হবে। এক্ষেত্রে বস্তুর বিম্বের আকৃতি, প্রকৃতি অবস্থান নিচে চিত্রের সাহায্যে তুলে ধরা হল:



O থেকে একটি রশ্মি বক্রতার ব্যাসার্ধ বরাবর এবং একটি রশ্মি প্রধান অক্ষের সমান্তরালে বিবেচনা করলে প্রতিফলনের পর এগুলো I বিন্দুতে মিলিত হয়। I থেকে প্রধান অক্ষের উপর অঙ্কিত IB লম্বই OA এর বিম্ব।

অবস্থান: বক্রতার কেন্দ্র ও প্রধান ফোকাসের মধ্যে।

প্রকৃতি: সদ ও উল্টো।

আকৃতি: খর্বিত।

আরিয়ানা প্রতিদিন স্কুলে যাওয়ার আগে আয়নায় দাঁড়িয়ে নিজেকে দেখে এবং প্রতিবারই একটি বিষয় খেয়াল করল যে, সে যত আয়নার কাছে আসে প্রতিচ্ছবিও তত কাছে আসে, আয়না থেকে যত দূরে যায় প্রতিচ্ছবিও তত দূরে চলে যায়। [বু-বার্ড স্কুল এন্ড কলেজ, সিলেট]

ক. দর্পণের গৌণ অক্ষ কাকে বলে?

খ. সদ বিম্ব ও অসদ বিম্বের মধ্যে পার্থক্য লিখো।

গ. উদ্দীপকে উল্লেখিত দর্পণটিতে সৃষ্ট প্রতিচ্ছবির বৈশিষ্ট্য লিখো।


ঘ. উল্লেখিত আয়নায় গঠিত আরিয়ানার প্রতিচ্ছবি অবাস্তব চিত্রসহ ব্যাখ্যা করো।

১২ নং প্রশ্নের উত্তর

- ক.রৈখিক বিবর্ধন কাকে বলে? ১
- খ.সব প্রতিফলিত শব্দ কি প্রতিধ্বনি সৃষ্টি করতে পারে? ব্যাখ্যা কর। ২
- গ.যদি AB লক্ষ্যবস্তুটিকে C বিন্দুতে স্থাপন করা হয় তবে তার বিশ্বের রৈখিক বিবর্ধন চিত্রের মাধ্যমে দেখাও। ৩
- ঘ.উদ্দীপকের দর্পণটিকে ব্যবহার করে AB লক্ষ্যবস্তুটির অবাস্তুর বিশ্ব তৈরি করা সম্ভব কিনা-রশ্মি চিত্রের মাধ্যমে ব্যাখ্যা করো। ৪

১৪ নং প্রশ্নের উত্তর


- বিশ্বের দৈর্ঘ্য ও লক্ষ্যবস্তুর দৈর্ঘ্যের অনুপাতকে রৈখিক বিবর্ধন বলে।
- সব প্রতিফলিত শব্দ প্রতিধ্বনি সৃষ্টি করতে পারে না। কারণ, কোনো ক্ষণস্থায়ী শব্দ বা ধ্বনি কানে শোনার পর সেই শব্দের রেশ প্রায় সেকেন্ড যাবৎ আমাদের মস্তিষ্কে থেকে যায়। এই সেকেন্ডের মধ্যে অন্য শব্দ কানে এসে পৌঁছালে তা আমরা আলাদা করে শুনতে পাই না। তাই যে প্রতিফলিত শব্দ 0.1 সেকেন্ডের মধ্যে উৎসের কাছে ফিরে আসবে তা প্রতিধ্বনি সৃষ্টি করতে পারবে না।



উদ্দীপকের লক্ষ্যবস্তুকে C বিন্দুতে অর্থাৎ বক্রতার কেন্দ্রে স্থাপন করা হল। মনে করি, উদ্দীপকের অবতল দর্পণটি MM' ও লক্ষ্যবস্তু AB। এখন, A থেকে একটি রশ্মি প্রধান অক্ষের সমান্তরালে দর্পণে আপতিত হয়ে প্রধান ফোকাস দিয়ে প্রতিফলিত হয়। A থেকে আরেকটি রশ্মি প্রধান ফোকাস দিয়ে দর্পণে আপতিত হয়ে প্রধান অক্ষের সমান্তরালে প্রতিফলিত হয়। প্রতিফলিত রশ্মি দুই A' বিন্দুতে মিলিত হয় A' হতে প্রধান অক্ষের উপর অঙ্কিত A'B' লম্বই AB -এর বিশ্ব। চিত্র থেকে দেখা যায়, A'B' বিশ্বটি লক্ষ্যবস্তু AB এর সমান।

■ ১(ঘ) নং সৃজনশীল প্রশ্নোত্তরের অনুরূপ।

■ নিচের চিত্রটি লক্ষ্য করো এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



চিত্র-ক

চিত্র-খ

[কম্বোজার সরকারি উচ্চ বিদ্যালয়]

- ক.প্রতিসরণাঙ্ক কী? ১
- খ.যানবাহনে ভিউ মিরর হিসেবে কোন দর্পণ ব্যবহার করা হয়- ব্যাখ্যা করো। ২
- গ.ক চিত্রে AB এর দৈর্ঘ্য 5 মিটার হলে প্রতিবিশ্বের দৈর্ঘ্য রেখা চিত্রের সাহায্যে নির্ণয় করো। ৩
- ঘ.খ চিত্রের AB বস্তুটির প্রতিবিশ্ব ক এর অনুরূপ হবে কিনা চিত্রের সাহায্যে বিশেষণ করো। ৪

১৫ নং প্রশ্নের উত্তর


■ একজোড়া নির্দিষ্ট মাধ্যম এবং কোনো একটি নির্দিষ্ট বর্ণের আলোকরশ্মি এক মাধ্যম থেকে অপর মাধ্যমে প্রতিসৃত হলে আপতন কোণের sin ও প্রতিসরণ কোণের sin এর অনুপাতকে ঐ বর্ণের আলোর জন্য প্রথম মাধ্যমের সাপেক্ষে দ্বিতীয় মাধ্যমের প্রতিসরণাঙ্ক বলে।

■ উত্তল দর্পণ সর্বদা অবাস্তুর, সোজা এবং খর্বিত প্রতিবিশ্ব গঠন করে বিধায় পেছনের যানবাহন বা পথচারী দেখার জন্য যানবাহনের ভিউ মিরর হিসেবে উত্তল দর্পণ ব্যবহার করা হয়।

■ এখানে,

$$AB = 5 \text{ m}$$

প্রতিবিশ্বের দৈর্ঘ্য রেখাচিত্রের সাহায্যে দেখানো হলো।



চিত্র-ক

A থেকে একটি রশ্মি বক্রতার ব্যাসার্ধ বরাবর এবং একটি রশ্মি প্রধান অক্ষের সমান্তরালে বিবেচনা করলে প্রতিফলনের পর এগুলো A' বিন্দুতে মিলিত হয়। A' থেকে প্রধান অক্ষের উপর অঙ্কিত A'B' লম্বই AB এর বিশ্ব।

AB এর দৈর্ঘ্য স্কেল দিয়ে মেপে নেয়া হয়েছে। যার দৈর্ঘ্য 1.5 cm (ধরি 5m)। এখন স্কেল দিয়ে প্রতিবিশ্বের দৈর্ঘ্য মাপা হলো যার দৈর্ঘ্য 0.7 cm পাওয়া গেল। প্রতিবিশ্বের সমতুল্য দৈর্ঘ্য হবে 2.33 m.

∴ প্রতিবিশ্বের দৈর্ঘ্য = 2.33 m (Ans.)

■ উদ্দীপকের চিত্র হতে দেখা যায় খ চিত্রের দর্পণটি একটি অবতল দর্পণ। AB লক্ষ্যবস্তুটি দর্পণের পেছনে রাখা হয়েছে। যেহেতু দর্পণের পেছনে কোন রশ্মি আপতিত হলে তা প্রতিফলিত হতে পারে না। তাই AB রশ্মিটির কোন বিশ্ব গঠিত হবে না।

তাই খ চিত্রের AB বস্তুটির প্রতিবিশ্ব ক এর অনুরূপ হবে না।

■ 10cm ফোকাস দূরত্ব বিশিষ্ট একটি গোলায়ী দর্পণের সামনে 3cm দৈর্ঘ্যের কোনো বস্তু রাখা 6cm দৈর্ঘ্যের প্রতিবিশ্ব পাওয়া গেল।

[মনিপুর উচ্চ বিদ্যালয়, ঢাকা]

- ক.দর্পণ কী? ১
- খ.অবতল দর্পণকে অভিসারী দর্পণ বলা হয় কেন? ২
- গ.রৈখিক বিবর্ধন নির্ণয় করো। ৩

ঘ.দর্পণটি থেকে 5cm দূরে কোনো বস্তু রাখলে প্রতিবিশ্ব বাস্তব হবে নাকি অবাস্তব হবে? গাণিতিক বিশেষণের মাধ্যমে মতামত দাও। ৪

১৬ নং প্রশ্নের উত্তর

■ যে মসৃণ তলে আলোর নিয়মিত প্রতিফলন ঘটে তাকে দর্পণ বলে।

■ ২(খ) নং সৃজনশীল প্রশ্নোত্তরের অনুরূপ।

■ দেওয়া আছে,

লক্ষ্যবস্তুর দৈর্ঘ্য, $l = 3 \text{ cm}$

এবং প্রতিবিশ্বের দৈর্ঘ্য, $l' = 6 \text{ cm}$

রৈখিক বিবর্ধন, $m = ?$

আমরা জানি, $m = \frac{l'}{l}$

=

= 2 (Ans.)

■ দেওয়া আছে,

গোলায়ী দর্পণের ফোকাস দূরত্ব, $f = 10 \text{ cm}$

লক্ষ্যবস্তুর দূরত্ব, $u = 5 \text{ cm}$

প্রতিবিশ্বের দূরত্ব, $v = ?$

অবতল দর্পণের ক্ষেত্রে:

আমরা জানি, $\frac{1}{v} + \frac{1}{u} = \frac{1}{f}$

বা, $\frac{1}{v} + \frac{1}{5} = \frac{1}{10}$; [Q অবতল দর্পণের ফোকাস দূরত্ব ধন্বক]

বা, $\frac{1}{v} = \frac{1}{10} - \frac{1}{5}$

বা, $\frac{1}{v} = \frac{1}{10} - \frac{2}{10}$

∴ $v = -10 \text{ cm}$

v ধন্বক নয়।

∴ প্রতিবিশ্ব অবাস্তব হবে।

উত্তল দর্পণের ক্ষেত্রে:

আমরা জানি, $\frac{1}{v} - \frac{1}{u} = \frac{1}{f}$

বা, $\frac{1}{v} - \frac{1}{5} = \frac{1}{10}$; [Q উত্তল দর্পণের ফোকাস দূরত্ব ঋন্বক]

বা, $\frac{1}{v} = \frac{1}{10} + \frac{1}{5}$

বা, = -
 $\therefore v = - \text{cm}$

v ঋণাত্মক।

4 প্রতিবিম্ব অবাস্তব হবে।

অতএব, গোলায় দর্পণটি উত্তল বা অবতল যাই হোক না কেন দর্পণটি থেকে 5cm দূরে কোনো বস্তু রাখলে প্রতিবিম্ব অবাস্তব হবে।



[চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ]

ক. লেন্স

কী?

১

খ. প্রধান

ফোকাস

বলে

কী

বোঝা?

২

গ. চিত্র

অনুযায়ী

প্রতিফলন

কোণের

মান

নির্ণয়

করো।

৩

ঘ. PQ দর্পণে

অবাস্তব প্রতিবিম্ব গঠিত হয়

চিত্রসহ

বিশেষণ


করো।

৪


১৭ নং প্রশ্নের উত্তর

■ ১(ক) নং সৃজনশীল প্রশ্নোত্তরের অনুরূপ।

■ লেন্সের প্রধান অক্ষের সমান্তরাল ও নিকটবর্তী আলোক রশ্মি গুচ্ছ প্রতিসরণের পর যে বিন্দুতে মিলিত হয় বা যে বিন্দু থেকে অপসৃত হচ্ছে বলে মনে হয় তাকে ঐ লেন্সের প্রধান ফোকাস বলে।



চিত্র : প্রধান ফোকাস (F)




এখানে, আপতন কোণ $i = (90^\circ - 60^\circ) = 30^\circ$

আমরা জানি, আপতন কোণ (i) = প্রতিফলন কোণ (r)

\therefore প্রতিফলন কোণের মান = 30° (Ans.)

■ সমতল দর্পণে সৃষ্ট অবাস্তব প্রতিবিম্ব:

চিত্রে PQ সমতল দর্পণের সামনে O একটি বিন্দু লক্ষবস্তু। O থেকে OT রশ্মি অভিলম্বভাবে দর্পণে আপতিত হয় এবং TO পথে ফিরে আসে। OQ রশ্মি দর্পণে তীর্যকভাবে আপতিত হয় এবং QR পথে প্রতিফলিত হয়। প্রতিফলিত রশ্মি QR এবং TO পিছনে বর্ধিত করলে এরা I বিন্দুতে মিলিত হয়। অর্থাৎ প্রতিফলিত রশ্মি দুইটি যেন দর্পণের পিছনে অবস্থিত I বিন্দু থেকে আসছে। অতএব, এই I বিন্দুই হলো O বিন্দুর অবাস্তব প্রতিবিম্ব।



■ দর্পণের সামনে দাঁড়িয়ে নিরব তার পূর্ণ বিম্ব দেখতে না পেয়ে দর্পণের দৈর্ঘ্য 0.9m পরিমাপ করল। তার ছোট বোন আয়নাটি একটু কাট করাতে তাতে তার বিম্বকেও কাট হয়ে যেতে দেখল। নিরবের ছোট বোন নিরবকে তার কারণ জিজ্ঞাসা করলে নিরব বলল আপতিত রশ্মিকে ঠিক রেখে সমতল দর্পণকে যে কোণে ঘুরানো হয়, প্রতিফলিত রশ্মি তার দ্বিগুণ ঘুরে যায়।

[কাদিরাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, নাটোর]

ক. আলোর	প্রতিফলন	কাকে	বলে?
খ. নিরব	কেন	দর্পণে	তার পূর্ণ প্রতিবিম্ব দেখতে পায়নি?
গ. নিরবের	উচ্চতা	নির্ণয়	করো।
ঘ. নিরবের	বর্ণিত	নিয়মটি	তুমি কীভাবে প্রমাণ করবে? ব্যাখ্যা করো।

১৮ নং প্রশ্নের উত্তর

■ আলোকরশ্মি যখন এক মাধ্যম দিয়ে চলতে চলতে অন্য এক মাধ্যমের কোনো তলে আপতিত হয় তখন দুই মাধ্যমের বিভেদতল হতে কিছু পরিমাণ আলো আবার প্রথম মাধ্যমে ফিরে আসে। এ ঘটনাকে আলোর প্রতিফলন বলে।

■ আমরা জানি, সমতল দর্পণে নিজের পূর্ণবিম্ব দেখতে হলে দর্পণের দৈর্ঘ্য দর্শকের উচ্চতার কমপক্ষে অর্ধেক হওয়া উচিত। প্রথম ক্ষেত্রে নিরব তার পূর্ণ বিম্ব দেখতে পায়নি বলে দর্পণের দৈর্ঘ্য বাড়িয়ে 0.9m করার পর পূর্ণ বিম্ব দেখতে পায়। অর্থাৎ প্রথম ক্ষেত্রে দর্পণের দৈর্ঘ্য নিরবের উচ্চতার অর্ধেকের কম ছিল। তাই সে তার পূর্ণ প্রতিবিম্ব দর্পণে দেখতে পায়নি।

